


বিষয়ভিত্তিক

আয়াত ও হাদিস
সংকলন







বিষয়ভিত্তিক
আয়াত ও হাদিস
সংকলন

প্রকাশনায়
আইসিএস পাবলিকেশন
৪৮/১-এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০
ফোন : ৯৫৬৬৪৪০

প্রকাশকাল : ফেব্রুয়ারি ২০১৭

প্রচ্ছদ ও অলঙ্করণ
মোজাম্মেল হক মজুমদার

সুভেচ্ছা মূল্য : ৫০ (পঞ্চাশ) টাকা



আমাদের কথা

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস সংকলন

অসীম দয়ালু ও পরম করুণাময় আল্লাহ রাক্বুল আলামীন। তিনি একান্ত অনুগ্রহ করে আমাদেরকে মানুষ হিসেবে সৃষ্টি করেছেন, দিয়েছেন সমগ্র সৃষ্টির মধ্যে আশরাফুল মাখলুকাতের মর্যাদা। জীবনের প্রতিটিকণ তাঁরই প্রশংসায় অতিবাহিত করলেও তাঁর মহিমায় এতটুকু বর্ণনা সম্ভব নয়। আর মহান রব মানুষের জীবনবিধান হিসেবে প্রেরণ করেছেন 'ইসলাম'। ইসলাম শাশ্বত, মানুষের জন্য একমাত্র অনুসরণীয় পথ। যে ওহির মাধ্যমে মানুষের জীবন বিধানকে পূর্ণতা দান করা হয়েছে তা হলো আল কুরআন। এ মহান কালামের প্রতিটি বাণী সত্য ও অক্ষয়। এর বিধানাবলির মধ্যে বিন্দুমাত্র সন্দেহের অণুমাত্র অবকাশ নেই। এতে প্রদত্ত তত্ত্ব ও তথ্যের মধ্যেও কোন প্রকার সন্দেহ নেই। এ কালাম এক চিরন্তন মুজিয়া। কোন মানুষের সাধ্য নেই এ কালামের সাথে চ্যালেঞ্জ করার। অনুরূপ একটি কুরআন বা তার অংশ বিশেষ রচনা করার সাধ্য মানুষের নেই।

আল্লাহতায়ালা মুহাম্মদকে (সা) আল কুরআন প্রচারক এবং একমাত্র ব্যাখ্যানদাতা নিয়োগ করেন। মূলত কুরআনের বাস্তব চিত্রই হচ্ছে নবী মুহাম্মদের (সা) জীবনচরণ তথা গোটা জিন্দেগি। তাই তো তাঁরই সহধর্মিণী উম্মিহাতুল মুসলিনীন হযরত আয়েশা সিদ্দিকা (রা) কুরআনের বাস্তব নমুনা হিসেবে রাসুলের (সা) সকল কর্মতৎপরতাকে ঘোষণা করেন। সুতরাং আল কুরআন এবং রাসুল (সা) প্রদত্ত আল কুরআনের ব্যাখ্যাই হচ্ছে দীন ইসলামের মূল ভিত্তি। আর রাসুলের (সা) প্রদত্ত এ ব্যাখ্যার নামই হলো হাদিস বা সন্নাহ। তাই হাদিস বা সন্নাহকে বাদ দিয়ে ইসলামকে কল্পনাই করা যায় না। ছাদ এবং দেয়াল ছাড়া শুধু পিলারকে যেমন অট্টালিকা বলা যায় না, তেমনি হাদিস ও সন্নাহ ছাড়া কেবলমাত্র কুরআন দিয়ে ইসলামের অট্টালিকা পূর্ণাঙ্গ হয় না। এই সন্নাহ ইসলামী সংস্কৃতি ও কর্মবিধানের অত্যধিক গুরুত্বপূর্ণ ভূমিকার অধিকারী। হাদিস অধ্যয়ন যেমন ইসলামী আমল ও নৈতিকতা গ্রহণে প্রেরণাদায়ক, তেমনি এর মাধ্যমে ইসলামী সংবিধানের সাথে সরাসরি পরিচয় লাভ সম্ভব। এই কারণে কুরআনের পরে হাদিসের মর্যাদা সর্বজনস্বীকৃত। হাদিসের সাহায্য না হলে যেমন কুরআনের নির্ভুল ও সঠিক তাৎপর্য লাভ করা সম্ভব নয়, তেমনি ইসলামী জীবনবিধানও সক্ষম হয় না সম্পূর্ণতা অর্জন করতে। কুরআন মজিদে আল্লাহপাক বলেন, “(হে নবী) আর আল্লাহ তোমার প্রতি আল কিতাব এবং হিকমত নাজিল করেছেন। তাছাড়া তুমি যা জানতে না, তা তোমাকে শিখিয়েছেন। আসলে তোমার প্রতি তাঁর অনুগ্রহ বিরাট।” (সূরা আন নিসা:১১০) নবী করীম (সা) বলেন “জেনে রেখো, আমাকে আল কুরআন দেয়া হয়েছে আর সেই সাথে দেয়া হয়েছে অনুরূপ আরেকটি জিনিস।” (আবু দাউদ, ইবনে মাজাহ)

ইসলামী আন্দোলনে অংশগ্রহণ করা প্রতিটি মুসলিমের জন্য অপরিহার্য। আর ইসলামী আন্দোলনের যাবতীয় উপায়-উপাদান স্পষ্টভাবে কুরআন ও হাদিসে বর্ণনা করা হয়েছে। কিন্তু উল্লেখিত দুটি বিষয়ে অধ্যয়ন ছাড়া এই বিপ্লবকে জানা বা অজ্ঞান দেয়া সম্ভব নয়। এই বিপ্লবকে না জেনে তা চূড়ান্ত পর্যায়ে নিয়ে যাওয়াও সম্ভব নয়। সে কারণে এই আন্দোলনের প্রতিটি কর্মীকে কুরআন ও হাদিস সরাসরি অধ্যয়ন একান্ত কর্তব্য। বক্তব্য-বিবৃতি ও দাওয়াত দানের ক্ষেত্রে কুরআন ও সন্নাহ থেকে উদ্ধৃতি প্রদান সফল আন্দোলনের অন্যতম পূর্বশর্ত। কিন্তু নির্দিষ্ট বিষয়ের আয়াত ও হাদিস সরাসরি উক্ত দুটি উৎস থেকে গ্রহণ করা অনেক সময় কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ হয়ে দাঁড়ায়। এই অসুবিধা নিরসনকল্পে ইতোপূর্বে আইসিএস পাবলিকেশন থেকে “সিলেবাসভিত্তিক কুরআন ও হাদিস” সংকলন প্রকাশ করা হয়েছিল। জনশক্তির ত্রমবর্ধনাম চাহিদার আলোকে সংকলনটি পরিবর্ধন ও পরিমার্জনের এবং সমৃদ্ধকরণের প্রয়োজনীয়তা দেখা দেয়। তাই বর্ধিত কলেবরে “বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস সংকলন” নতুন ভাবে প্রকাশিত হচ্ছে। এতে কুরআনের আয়াত ও হাদিসসমূহের মূল ভাষা আরবি ও তার পাশাপাশি বাংলা অনুবাদের সন্নিবেশ ঘটানো হয়েছে। ফলে বিষয়গুলো হৃদয়ঙ্গম করা সহজতর হবে। আর সংকলনটি যারা কুরআন ও হাদিস নিয়ে রিসার্চ করতে চান, তাদেরও বেশ সহায়ক হবে বলে আমরা মনে করি। যাদের জন্য সংকলনটি প্রকাশ করা বিশেষ করে ইসলামী আন্দোলনের কর্মীবাহিনী- তারা এ থেকে উপাদান সংগ্রহ করে বাস্তব অনুশীলনে ব্রতী হলেই আমাদের শ্রম সার্থক হবে।

আল্লাহ আমাদের সকল কর্ম-তৎপরতা তাঁরই সন্তুষ্টি অর্জনের নিমিত্তে কবল করুন। আমিন

সূচিপত্র

• উলুমুল কুরআন	০৭
• উলুমুল হাদিস	১৫
• ইলমে তাজবিদ	২২
• মাসয়ালা-মাসায়েল	৩১
• সহীহ নিয়ত (বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস)	৩৬
• ঈমান	৩৭
• তাওহিদ	৩৯
• রিসালাত	৪১
• আখেরাত	৪৩
• সালাত	৪৫
• যাকাত	৪৭
• সাওম	৪৮
• হজ	৫০
• শাহাদাত	৫২
• লক্ষ্য ও উদ্দেশ্য	৫৩
• দাওয়াত	৫৫
• সংগঠন	৫৮
• প্রশিক্ষণ	৬১
• ইসলামী শিক্ষা আন্দোলন ও ছাত্রসমস্যা	৬৪

■ ইসলামী সমাজ বিনির্মাণ	৬৬
■ আনুগত্য	৭০
■ পরামর্শ	৭১
■ ইহতেসাব	৭৩
■ তাকওয়া	৭৪
■ পর্দা	৭৬
■ বাইয়াত	৭৮
■ তাওবা	৮০
■ মুমিনদের গুণাবলী	৮১
■ ত্যাগ-কোরবানী	৮৩
■ ইসলামী অর্থব্যবস্থা	৮৫
■ ইসলামী রাষ্ট্রব্যবস্থা	৮৭
■ আল্লাহর পথে অর্থ ব্যয়	৮৯
■ জান্নাত	৯১
■ জাহান্নাম	৯২
■ আত্মশুদ্ধি	৯৪
■ দায়িত্বশীলের গুণাবলি	৯৫
■ ইসলামী আন্দোলন না করার পরিণাম	৯৭
■ ব্যক্তিগত রিপোর্ট	৯৮
■ আল কুরআনে ১০টি সূরা	৯৯
■ মাসনুন দোয়া	১০৩
■ নামাজে পঠিত দোয়া সমূহ	১০৬

“এ বিধান ভীরু কাপুরুষদের জন্যে অবতীর্ণ হয়নি। নফসের দাস ও দুনিয়ার গোলামদের জন্যে নাজিল হয়নি। বাতাসের বেগে উড়ে খড়কুটো, পানির স্রোতে ভেসে চলা কীট-পতঙ্গ এবং প্রতি রঙে রঞ্জীন হওয়া রংহীনদের জন্যে অবতীর্ণ করেনি। এ এমন দুঃসাহসী নরসাদুলদের জন্যে অবতীর্ণ হয়েছে, যারা বাতাসের গতি বদলে দেবার দৃঢ় ইচ্ছা পোষণ করে, যারা নদীর তরঙ্গের সাথে লড়তে এবং তার স্রোতধারা ঘুরিয়ে দেবার মত সৎ সাহস রাখে।”

“ইতিহাসে প্রথম শ্রেণীর যত মানুষের জীবন কথা পাওয়া যায়, তাদের শতকরা অন্তত নব্বই জন দরিদ্র ও সহায়-সম্বলহীন পিতা-মাতার ঘরে জন্ম নিয়েছেন, দুঃখ-মুছিবতের কোলে লালিত-পালিত হয়েছেন। এ সকল মহামানবকে হাত-পা বাঁধা অবস্থায় জীবনের মহাসাগরে নিক্ষেপ করা হয়েছে তাঁরা সমুদ্রের উত্তাল তরঙ্গমালায় সাঁতার শিখেছেন, পানির নির্মম চপেটাঘাতে সামনে এগিয়ে যাবার দীক্ষা পেয়েছেন। এভাবে জীবন সংগ্রামে অটল-অবিচল থাকার ফলে একদিন সাফল্যের উপকূলে পৌঁছে বিজয়ের ঝান্ডা উড্ডীন করতে সক্ষম হয়েছেন।”

শতাব্দীর অগ্রদূত সাইয়েদ মাওলানা আবুল আলা মওদুদীর কলাম থেকে

উলুমুল কুরআন আল-কুরআনের পরিচয়

আভিধানিক অর্থ : আল-কুরআন (الْقُرْآنُ) শব্দটি আরবি, যা قُرْأٌ কিংবা قُرْأٌ শব্দ থেকে উৎপন্ন। قُرْأٌ (পড়া) শব্দ থেকে আসলে قُرْأٌ শব্দের অর্থ হয় অধিক পঠিত। আর قُرْأٌ (মিলিত থাকা) শব্দ থেকে আসলে قُرْأٌ শব্দের অর্থ হয়; পরিপূর্ণভাবে মিলিত ও সংযুক্ত। যেহেতু কুরআন মাজিদ সর্বাধিক পঠিত গ্রন্থ এবং এর আয়াত অর্থ ও বিষয়বস্তুর মাঝে পরিপূর্ণ মিল রয়েছে, তাই এর নাম الْقُرْآنُ।

পারিভাষিক অর্থ : মহান আল্লাহর পক্ষ থেকে মানবজাতির হেদায়াতের জন্য জিবরাইল আলাইহিস সালাম এর মাধ্যমে মুহাম্মাদ ﷺ এর নবুওয়াতের দীর্ঘ ২৩ বছর ধরে ধারাবাহিকভাবে যে কিতাব নাজিল হয়েছে তার সমষ্টি আল কুরআন।

• আল-কুরআনের আলোচ্য বিষয় ও উদ্দেশ্য

আল-কুরআনের আলোচ্য বিষয় হল মানবজাতি। কেননা মানবজাতির প্রকৃত কল্যাণ ও অকল্যাণের সঠিক পরিচয়ই আল-কুরআনে বর্ণিত হয়েছে। আল-কুরআনের উদ্দেশ্য হল মানবজাতিকে আল্লাহপ্রদত্ত জীবনব্যবস্থার দিকে পথপ্রদর্শন, যাতে দুনিয়াতে নিজের জীবনকে কল্যাণময় করতে পারে এবং পরকালেও শান্তিময় জীবনের অধিকারী হতে পারে।

• আল-কুরআন ঐশী গ্রন্থ হওয়ার কয়েকটি অকাট্য প্রমাণ

আল-কুরআন যে আল্লাহ তায়ালারই বাণী, এটি মানুষের পক্ষে তৈরি করা আদৌ সম্ভব নয়। এর অসংখ্য প্রমাণ স্বয়ং আল-কুরআনেই বর্তমান। যথা, কয়েকটি প্রমাণ নিম্নরূপ-

১. আল-কুরআনের ভাষাগত ও সাহিত্যিক মান।
২. আল-কুরআনের আলোচ্য বিষয়সমূহ।

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❀ ৭

৩. প্রাগৈতিহাসিক ঘটনাবলির যথাযথ বর্ণনা।
৪. ভবিষ্যৎ ঘটনাবলি সম্পর্কে নির্ভুল সংবাদ দান।
৫. মানব জীবনের জন্য সুদূরপ্রসারী মৌলিক ব্যবস্থা দান।
৬. বিশ্বলোক ও উর্ধ্বজগৎ সম্পর্কে নির্ভুল তথ্যের বর্ণনা।
৭. আল-কুরআনের অভিনব হেফাজত ব্যবস্থা।
৮. আল-কুরআনের ভাষা ও বিষয়ে আশ্চর্যজনক সামঞ্জস্য।

● আল-কুরআনের বাচনভঙ্গি

১. একটি বিপ্লবী আন্দোলনের উপযোগী
২. সমর্থকদের উদ্দীপ্ত করার মত সম্মোহক
৩. বিরোধীদের প্রতিহত করায় বলিষ্ঠ
৪. বিপ্লবী নেতার ঝঙ্কারময় ভাষণ
৫. মন মগজ বুদ্ধি-বিবেককে উদ্বুদ্ধ করার মতো এবং ভাবাবেগের প্লাবন সৃষ্টি করার যোগ্য।
৬. দরদি মন দিয়ে মানুষের হৃদয় জয় করার মতো আবেগ ও আবেদনময় আহ্বান।

● আল-কুরআনের ১০টি নাম

- | | |
|--|----------------------------------|
| ১. الْهَدَىٰ (আল হুদা) পদপ্রদর্শক | ৭. الْكِتَابُ (আল কিতাব) গ্রন্থ |
| ২. الْفُرْقَانُ (আল ফুরকান) পার্থক্যকারী | ৮. النُّورُ (আন নূর) আলো |
| ৩. الذِّكْرُ (আয-যিকর) উপদেশ | ৯. الْوَحْيُ (আল ওহি) প্রত্যাদেশ |
| ৪. الْحِكْمَةُ (আল হিকমাহ) প্রজ্ঞা | ১০. الْكَلَامُ (আল কালাম) বাণী |
| ৫. الشِّفَاءُ (আশ শিফা) উপশমকারী | |
| ৬. كِتَابٌ مُّبِينٌ (কিতাবুম মুবিন) সুস্পষ্ট কিতাব | |

• রাসূল ﷺ এর আন্দোলনের বিভিন্ন যুগ ও স্তর

• রাসূল ﷺ এর আন্দোলনের দু'টো যুগ

১. মাক্কি যুগ:- প্রথম ১৩ বছর। দাওয়াত ও তাবলীগ, ব্যক্তিগঠনের যুগ ও নির্যাতনের যুগ।

২. মাদানি যুগ:- হিজরাতের পর ১০ বছর। এটা বিজয়, সমাজগঠন, রাষ্ট্র পরিচালনা ও সশস্ত্র মোকাবেলার যুগ।

• মাক্কি যুগের বিভিন্ন স্তর

১. ব্যক্তিগতভাবে বা গোপনে (আন্ডারগ্রাউন্ড) দাওয়াত মোট ৩ বছর। (নবুওয়াতের ১ম-৩য় বছর)

২. প্রকাশ্যে দাওয়াত বিরোধীদের বিদ্রূপ ও অপপ্রচার এবং নির্যাতনের প্রাথমিক অবস্থার যুগ মোট ২ বছর। (নবুওয়াতের ৪র্থ-৫ম বছর)।

৩. বিভিন্ন ধরনের অত্যাচার ও নির্যাতনকাল ৫ বছর। (নবুওয়াতের ৬ষ্ঠ থেকে ১০ম বছর)

৪. মাক্কি যুগের শেষ ৩ বছর চরম বিরোধিতা, নিষ্ঠুর নির্যাতন, এমনকি রাসূল ﷺ কে হত্যার চেষ্টা চলে। (নবুওয়াতের ১১তম-১৩তম বছর)।

• মাদানি যুগের বিভিন্ন স্তর (মোট ১০ বছর)

১. বদর যুদ্ধের পূর্ব পর্যন্ত- ১ বছর ৬ মাস।

২. বদর থেকে হোদায়বিয়ার সন্ধি পর্যন্ত -৪ বছর ২ মাস।

৩. হোদায়বিয়ার সন্ধি থেকে মক্কা বিজয় পর্যন্ত- ১ বছর ১০ মাস।

৪. মক্কা বিজয়ের পর ২ বছর ৬ মাস।

• আল-কুরানের সূরাসমূহকে ২ভাগে ভাগ করা হয়েছে

সূরা ২ প্রকার। ১. মাক্কি সূরা ২. মাদানি সূরা

মাক্কি সূরা : যে সমস্ত সূরা রাসূল ﷺ এর মাক্কি জীবনে অর্থাৎ হিজরতের পূর্বে নাজিল হয়েছে।

মাদানি সূরা : যে সমস্ত সূরা রাসূল ﷺ এর মাদানি জীবনে অর্থাৎ হিজরতের পরে নাজিল হয়েছে।

• মাক্কি সূরার বৈশিষ্ট

১. সাধারণত সূরা ও আয়াতগুলো ছোট ছোট ও ছন্দময়।
২. তাওহিদ, রিসালাত ও আখিরাত সংক্রান্ত আলোচনা।
৩. অধিকাংশ ক্ষেত্রে يَا أَيُّهَا النَّاسُ (হে মানবজাতি) বলে সম্বোধন।
৪. মাক্কি সূরা ব্যক্তিগঠনে হিদায়াতপূর্ণ
৫. আল-কুরআন সত্যতার প্রমাণ ও ঈমান আকিদার আলোচনা।
৬. মানুষের ঘুমন্ত বিবেক ও নৈতিকতাবোধ জাগ্রত করে চিন্তাশক্তিকে সত্য গ্রহণে উদ্বুদ্ধ করা।
৭. ভবিষ্যতকালীন ক্রিয়ার শুরুতে س و سوف শব্দের ব্যবহার বেশি।

• মাদানি সূরার বৈশিষ্ট্য

১. সাধারণত সূরা ও আয়াতগুলো বড় ও গদ্যময়।
২. অধিকাংশ ক্ষেত্রে يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا (হে ঈমানদারগণ) বলে সম্বোধন।
৩. সামাজিক বিধি-বিধান, ফৌজদারি আইন, উত্তরাধিকারী আইন, বিয়ে তালাক ইত্যাদি বিষয়ে আলোচনা।
৪. যুদ্ধ, সন্ধি, গনিমত, জিজিয়া ইত্যাদির বিবরণ।
৫. ইবাদত, আহকামে শরিয়ত ও হালাল-হারামের বর্ণনা।
৬. মুনাফিক ও কাফিরদের সাথে আচরণ সংক্রান্ত আলোচনা।
৭. জাকাত ও ওশরের নিয়ম-কানুন আলোচনা।

• আয়াতের প্রকারভেদ

অর্থের দিক থেকে ২ প্রকার: ১. মুহুকামাত ২. মুতাশাবিহাত
হুকুমের দিক থেকে ৩ প্রকার: ১. হালাল ২. হারাম ৩. আমছাল

• আল-কুরআন অধ্যয়নের সমস্যা ও সমাধান

আল-কুরআন অধ্যয়নের সমস্যা:

১. অন্যান্য সাধারণ গ্রন্থের ন্যায় মনে করা। ২. একই বিষয়ের বারবার উল্লেখ।

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❀ ১০

৩. বিষয়সূচি না থাকা । ৪. নাজিলের প্রেক্ষাপট না জানা ।

৫. নাসিখ-মানসুখ (তথা কোনো কোনো আয়াতের বিধান স্থগিত, রহিত, যা পরিবর্তিত এ বিষয়টি) না জানা । ৬. আরবি ভাষা না জানা ।

● সমাধানের উপায়

১. অধ্যয়নের সময় নিরপেক্ষ মনমগজ নিয়ে বসা ।

২. আয়াত নাজিলের প্রেক্ষাপট ও রাসূল ^{পাঠাত} ^{আল্লাহর} ^{আয়াত} এর আন্দোলনের বিভিন্ন অবস্থা ও পর্যায় সম্পর্কে সুস্পষ্ট জ্ঞান লাভ করা ।

৩. নাসিখ- মানসুখ জানা ।

৪. আরবি ভাষা শেখার চেষ্টা করা ।

৫. আল-কুরআন প্রতিষ্ঠার আন্দোলনে শরিক হওয়া ।

● ওহি কী

ওহি অর্থ ইশারা করা, প্রত্যাদেশ করা, কিছু লিখে পাঠান, কোন কথাসহ লোক পাঠান, গোপনে অপরের সাথে কথা বলা, অপরের অজ্ঞাতসারে কোন ব্যক্তিকে কিছু জানিয়ে দেওয়া ।

শরিয়তের পরিভাষায়: আল্লাহর পক্ষ থেকে তাঁর নবী আলাইহিস সালামগণকে ফেরেশতার মাধ্যমে কিংবা স্বপ্নযোগে অথবা ইলহামের সাহায্যে কোনো বিষয়ে জানিয়ে দেওয়া ।

ওহি কত প্রকার : ওহি দুই প্রকার

১. ওহি মাতলু (আল-কুরআন) ২. ওহি গায়রে মাতলু (আল-হাদিস)

● ওহি নাজিলের ধরণ ৭টি

১. সত্য স্বপ্নযোগে ২. ঘটাস্থানির ন্যায় ৩. জিবরাইল (আ) এর নিজস্ব আকৃতিতে ৪. জিবরাইল (আ) কর্তৃক মানুষের আকৃতিতে ৫. ইসরাফিল (আ) এর মাধ্যমে । ৬. পর্দার অন্তরাল থেকে । ৭. অন্তকরণে টেলে দেয়া/ইলহামের মাধ্যমে

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❁ ১১

• আল-কুরআন সঙ্কলনের ইতিহাস

তিন যুগে বিভিন্নভাবে আল-কুরআন সঙ্কলিত হয়েছে।

• রাসূল ﷺ এর যুগ

১. মুখস্থ করার মাধ্যমে: হাফিজে কুরআনগণের মধ্যে প্রধানত ছিলেন আবদুল্লাহ ইবনে মাসউদ, সালেম ইবনে মাকাল, মুয়ায ইবনে জাবাল, উবাই ইবনে কা'ব, যায়িদ বিন সাবিত, আবু যায়িদ, আবুদ দারদা রাযিআল্লাহু তাআলায়ু আনহু প্রমুখ।

২. লেখার মাধ্যমে : কাতেবে ওহিগণের মধ্যে প্রধানত ছিলেন আলী ইবনে আবু তালিব, মুয়ায ইবনে জাবাল, উবাই ইবনে কা'ব, যায়িদ বিন সাবিত ও আবদুল্লাহ ইবনে মাসউদ রাযিআল্লাহু তাআলায়ু আনহু প্রমুখ। তারা পাথর, খেজুরের ডাল, চামড়া ইত্যাদির ওপর আল-কুরআনের আয়াতসমূহ লিখে সংরক্ষণ করতেন।

• হযরত আবু বকর রাযিআল্লাহু তাআলায়ু আনহু এর যুগ

ভভনবী মুসায়লামাতুল কাজ্জাবের বিরুদ্ধে সংঘটিত ইয়ামামার যুদ্ধে অসংখ্য হাফিজে আল-কুরআন শাহাদাত বরণ করেন। এতে আল-কুরআন বিলুপ্তির আশঙ্কায় হযরত ওমরের রাযিআল্লাহু তাআলায়ু আনহু পরামর্শক্রমে খলিফা আবু বকর রাযিআল্লাহু তাআলায়ু আনহু হযরত যায়িদ বিন সাবিতের নেতৃত্বে আল-কুরআন সঙ্কলন বোর্ড গঠন করেন। এ বোর্ডের সদস্যগণ কঠোর সাধনা করে আল-কুরআনের লিখিত বিভিন্ন অংশকে হাফেজে আল-কুরআনের সাথে সমন্বয় করে একত্র করেন। যার নাম রাখা হয় মাসহাফে সিদ্দিকী। হযরত আবু বকরের রাযিআল্লাহু তাআলায়ু আনহু মৃত্যুর পর এ কপিটি হযরত ওমরের কাছে এবং তাঁর ইন্তিকালের পর হযরত হাফসা রাযিআল্লাহু তাআলায়ু আনহু একে সংরক্ষণে রাখেন।

• হযরত উসমান (রা) এর যুগ

হযরত ওমর রাযিআল্লাহু তাআলায়ু আনহু ও উসমান রাযিআল্লাহু তাআলায়ু আনহু এর খেলাফতকালে ইসলামী রাষ্ট্রের বিস্তৃতি ঘটায় আরবের বিভিন্ন অঞ্চলের লোকেরা আল-কুরআন মাজিদকে তাদের নিজস্ব আঞ্চলিক ভাষায় পাঠ করতে থাকেন। এতে আল-কুরআন বিকৃতির আশঙ্কায় হযরত উসমান (রা) আল-কুরআনের বিকৃত অংশগুলো সংগ্রহ করে পুড়িয়ে দেন

এবং মাসহাফে সিদ্দিকী এর অনুরূপ সাতটি কপি করে বিভিন্ন প্রদেশে পাঠিয়ে দেন। আজ পর্যন্ত আল-কুরআন মাজিদ সে অবয়বেই বিদ্যমান। এর মধ্যে কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন হয়নি।

● কয়েকটি প্রসিদ্ধ তাফসির গ্রন্থের নাম

১. তাফসির ইবনে আক্বাস- আবদুল্লাহ ইবনে আক্বাস
২. তাফসিরে ইবনে কাসীর-আবুল ফিদা ইসমাঈল ইবনে কাসীর (তাফসীর কুরআনুল আজীম)
৩. মায়ারেফুল কুরআন- মুফতি মোহাম্মদ শফী
৪. তাফসির জালালাইন- জালালুদ্দীন মহল্লি ও জালালুদ্দীন সুয়ুতি।
৫. তাফসিরে কাশশাফ- জারুল্লাহ যমাখশারী
৬. ফি জিলালিল কুরআন- সাইয়েদ কুতুব শহীদ
৭. তাফহিমুল কুরআন- সাইয়েদ আবুল আলা মাওদুদী
৮. The Message- Muhammad Asad

● এক নজরে আল কুরআন

১. সূরা -১১৪
২. মাক্কি সূরা- ৮৬, মতান্তর ৮৯
৩. মাদানি সূরা- ২৮, মতান্তর ২৫
৪. আয়াত সংখ্যা- ৬৬৬৬ (গ্রহণযোগ্য মতে ৬২৩৬)
৫. রুকু ৫৫৪, মতান্তর ৫৬১
৬. সিজদার আয়াত ১৪টি মতান্তর ১৫টি।
৭. পারা ৩০।
৮. ১ম নাজিলের সময়: হিজরি পূর্ব ১৩ সনে, ৬১০ ঈসায়ী।
৯. নাজিলের শেষ সময়: হিজরি ১১ সনে, ৬৩২ ঈসায়ী।
১০. পূর্ণাঙ্গ আল-কুরআন সর্বপ্রথম গ্রন্থবদ্ধ হয় হিজরি ১২ সনে (৬৩৩ ঈসায়ী), হযরত আবু বকর ^{রাযিআল্লাহু আনহু} এর পৃষ্ঠপোষকতায়।
১১. আল-কুরআনে হরকত সংযোজন করেন- হাজ্জাজ বিন ইউসুফ, হিজরি ৭৫ সালে (৬৯৪ ঈসায়ী)।
১২. মনজিল সংখ্যা -৭টি।

১৩. আল-কুরআনে (আল্লাহ) শব্দটি ২৫৮৪/২৬৯৯ বার এসেছে ।
১৪. আল-কুরআনে (মুহাম্মাদ) শব্দটি ৪ বার এসেছে ।
১৫. আল-কুরআনে (লা ইলাহা ...) শব্দটি ২ বার এসেছে ।
১৬. সূরা “আত-তওবার” শুরুতে বিসমিল্লাহ নেই ।
১৭. সূরা “আত-তওবার” অপর নাম ‘আল-বারাআত’
১৮. সূরা “আন-নামলে” দুইবার বিসমিল্লাহ উল্লেখ আছে ।
১৯. সূরা “মুহাম্মাদ” এর অপর নাম সূরা “কিতাল” ।
২০. সূরা “আল-মুমিন” এর অপর নাম সূরা “গাফের ”
২১. সূরা “হামিম সিজদাহ ” এর অপর নাম সূরা “ফুসসিলাত” ।
২২. সাহাবাগণের ^{বিসমিল্লাহ} _{আনহ} মধ্যে হযরত যায়িদ বিন হারিসের ^{বিসমিল্লাহ} _{আনহ} নাম কুরআনে এসেছে । (সূরা আহযাব- ৩৭)
২৩. আল-কুরআনের প্রথম বাংলা অনুবাদ করেন (আংশিক) মাওলানা আমীর উদ্দীন বসুনিয়া ।
২৪. আল-কুরআনের প্রথম পূর্ণাঙ্গ অনুবাদ করেন- গিরিশ চন্দ্র সেন (নরসিংদী)
২৫. আল কুরআনে ২৫ জন নবী-রাসূলের নাম উল্লেখ আছে ।

• দারসুল কুরআনের ক্ষেত্রে কতিপয় দিক

১. বিশুদ্ধ তিলাওয়াত ২. সরল অনুবাদ ৩. সূরার নামকরণ ৪. নাজিলের সময়কাল ও অবতীর্ণের প্রেক্ষাপট ৫. নির্বাচিত অংশের বিষয়বস্তু ৬. ব্যাখ্যা ৭. আয়াতের শিক্ষা

• সূরা ফাতিহার কয়েকটি নাম

১. উম্মুল-কুরআন (أُمُّ الْقُرْآنِ) (আল-কুরআনের জননী)
২. উম্মুল কিতাব (أُمُّ الْكِتَابِ) (কিতাবের জননী)
৩. সূরাতুশ শিফা (سُورَةُ الشِّفَاءِ) (আরোগ্য লাভের সূরা)
৪. সূরাতুদ দোয়া (سُورَةُ الدُّعَاءِ) (প্রার্থনার সূরা)
৫. সূরাতুল মোনাজাত (سُورَةُ الْمُنَاجَاةِ) (মুক্তির দোয়া)
৬. সূরাতুস সালাত (سُورَةُ الصَّلَاةِ) (নামাজের সূরা)

উলুমুল হাদিস

• হাদিস কী?

হাদিস আরবি শব্দ। আরবি অভিধান ও আল-কুরআনের ব্যবহার অনুযায়ী 'হাদিস' শব্দের অর্থ কথা, বাণী, বার্তা, সংবাদ ইত্যাদি। পরিভাষায়, মহানবী (সা) এর কথা, কাজ, অনুমোদন ও মৌনসম্মতিই হাদিস। হাদিসের অপর নাম খবর। ব্যাপক অর্থে সাহাবীদের কথা, কাজ ও সমর্থন এবং তাবেয়ীদের কথা, কাজকেও হাদিস বলা হয়। সাহাবাদের কথা, কাজ ও অনুমোদনকে বলা হয় 'আসার'।

• ইলমে হাদিসের কিছু পরিভাষা

সাহাবী (صَحَابَةٌ) : যে ব্যক্তি রাসূল ^{সাহাবী} ^{আল-কুরআন} ^{আল-হাদিস} এর সাহচর্য লাভ করেছেন, তাঁর জীবদ্দশায় রাসূলে করীম ^{সাহাবী} ^{আল-কুরআন} ^{আল-হাদিস} কে ঈমানের সাথে দেখেছেন এবং ঈমান অবস্থায় মৃত্যুবরণ করেছেন, তিনি সাহাবী।

তাবেয়ি (تَابِعِي) : যিনি বা যাঁরা ঈমানের সাথে কোন সাহাবীর সহচর্য লাভ করেছেন ও সাহাবীদের অনুকরণ অনুসরণ করেছেন এবং ঈমানের সাথে মারা গেছেন করেছেন তাঁদেরকে তাবেয়ি বলে।

তাবে তাবেয়ি (تَابِعِ التَّابِعِي) : যিনি বা যাঁরা ঈমানের সাথে কোন তাবেয়ির সাহচর্য লাভ করেছেন, তাঁর নিকট ইসলামী জ্ঞান আহরণ করেছেন ও তাঁর অনুকরণ অনুসরণ করেছেন এবং ঈমানের সাথে মারা গেছেন, তাঁদেরকে 'তাবে তাবেয়ি' বলে।

রেওয়য়াত (رَوَايَةٌ) : হাদিস বা আসার বর্ণনার পদ্ধতিকে 'রেওয়য়াত' বলে।

রাবি (الرَّوِي) : হাদিস বা আসার বর্ণনাকারীকে 'রাবি' বলে।

দেরায়েত (دِرَايَةٌ) : হাদিস বাছাইয়ের পদ্ধতিকে 'দেরায়েত' বলে।

সনদ (سَنَدٌ) : হাদিস বর্ণনার ধারাবাহিকতাকে 'সনদ' বলে।

মতন (مَتْنٌ) : হাদিসের মূল বক্তব্যকে 'মতন' বলে।

রিজাল (رِجَالٌ) : হাদিসের রাবি সামষ্টিকে 'রিজাল' বলে ।

আসমাউল রিজাল (أَسْمَاءُ الرَّجَالِ) : যে শাস্ত্রে রাবিদের জীবনবৃত্তান্ত বর্ণনা করা হয় ।

আদালত (عَدَالَةٌ) : মানুষের ভেতরের যে আদিম শক্তি তাকে 'তাকওয়া' ও 'মরুওত' অবলম্বন করতে (এবং মিথ্যা আচরণ থেকে বিরত রাখতে) উদ্বুদ্ধ করে তাকে 'আদালত' বলে ।

আ'দিল (عَادِلٌ -ন্যায়বান) : যে ব্যক্তি 'তাকওয়া' ও 'মরুওত' অর্জন করতে সক্ষম হয়েছেন তাকে 'আদিল' বলে

সিকাহ (ثِقَّةٌ - নির্ভযোগ্যতা) : যে ব্যক্তির মধ্যে আ'দল গুণ পরিপূর্ণভাবে পাওয়া যায় তাকে 'সিকাহ' বলে ।

আসহাবে সুফ্ফা (أَصْحَابُ الصِّفَةِ) : যে সমস্ত সাহাবী সবসময় রাসূল ^{সাহাবাহু} এর সাহচর্যে থাকতেন অর্থাৎ রাসূলের ^{সাহাবাহু} তত্ত্বাবধানে ছিলেন এবং তাঁর আদেশ নিবেদন শুনতেন ও কণ্ঠস্থ করতেন, তাদেরকে 'আসহাবে সুফ্ফা' বলে । এদের সংখ্যা ৭০জন ।

মুহাদ্দিস (الْمُحَدِّثُ) : যিনি হাদিসশাস্ত্রের পণ্ডিত, হাদিস চর্চা করেন, হাদিসের সনদ ও মতন সহ বহু হাদিসের জ্ঞান রাখেন তাঁকে 'মুহাদ্দিস' বলে ।

শায়খ (الشَّيْخُ) : হাদিসের শিক্ষককে শায়খ বলে ।

হাফিজ (حَافِظٌ) : সনদ ও মতন সহ ১ লক্ষ হাদিস মুখস্থকারী ।

হুজ্জাত (حُجَّةٌ) : যিনি সনদ ও মতনসহ সমস্ত বৃত্তান্তসহ তিন লক্ষ হাদিস মুখস্থ বা আয়ত্ত করেছেন তাকে 'হুজ্জাত' বলে ।

হাকিম (حَاكِمٌ) : যিনি সনদ ও মতনসহ সমস্ত হাদিস মুখস্থ ও আয়ত্ত করেছেন তাঁকে 'হাকিম' বলে

ফকিহ (فَقِيهٌ) : যারা হাদিসের আইনগত দিক পর্যালোচনা করেছেন তাদেরকে 'ফকিহ' বলে ।

সিহাহ সিত্তাহ (الصِّحَاحُ السِّتَّةُ) : ৬ খানা বিশুদ্ধ হাদিস গ্রন্থকে সিহাহ সিত্তাহ বলে।

১. সহিহ বুখারী ২. সহিহ মুসলিম ৩. সহিহ তিরমিযী ৪. আবু দাউদ ৫. নাসায়ী ৬. ইবনু মাজাহ।

সহীহাইন (صحيحين) : বুখারী ও মুসলিম হাদিস গ্রন্থদ্বয়কে একত্রে বলা হয় সহীহাইন।

সুনানু আরবায়্যা (السُّنُنُ الأَرَبِيَّةُ) : আবু দাউদ, নাসায়ী, তিরমিযী এবং ইবনে মাজাহ; এ চারখানা গ্রন্থকে এক সাথে সুনানু আরবায়্যা বলা হয়।

মুত্তাফিকুন আলাইহি (مُتَّفَقٌ عَلَيْهِ) : যে হাদিস বুখারী ও মুসলিম বর্ণনা করা হয়েছে।

হাদিসে কুদসি (الْحَدِيثُ الْقُدْسِيُّ) : যে হাদিসের ভাব আল্লাহর আর ভাষা রাসূল সাহাবাহু
আলাইহিস
সলামএর তাই হাদীসে কুদসি।

হাদিসে নববী (الْحَدِيثُ النَّبَوِيُّ) : হাদিসে কুদসি ব্যতীত সকল হাদিস।

আসার (أثر) : সাহাবায়ে কেরামের কথা ও কাজকে আসার বলে।

জামি (الْجَامِعُ) : যে গ্রন্থে প্রধানত নিম্নোক্ত ৮টি অধ্যায় আছে আছ-ছিয়ার, আত-তাফসির, আল-আকাঈদ, আল-ফিতান, আল-আদাব, আশয়াতুস-সা'আ, আল-আহকাম, আল-মানাকিব।

হাদিসের শ্রেণীবিভাগ

● হাদিসশাস্ত্রের পণ্ডিতগণ হাদিসকে প্রধানত তিনটি ভাগে ভাগ করেছেন-

১. কাওলি (قَوْلِي) : রাসূল সাহাবাহু
আলাইহিস
সলামএর কথা সংবলিত হাদিসকে কাওলি হাদিস বলে। আদেশ, নিষেধ অথবা অন্যান্য যত প্রকার মৌখিক বর্ণনা তাকে 'কাওলি' বলে

২. ফেলি (فِعْلِي) : রাসূল সাহাবাহু
আলাইহিস
সলামএর বাস্তব জীবনের কর্মমূলক হাদিসকে ফেলি

হাদিস বলে। কাজ-কর্ম, আচার-ব্যবহার, উঠা-বসা, লেন-দেন সম্পর্কীয় কথাগুলোকে ফেলি বলে

৩. তাকুরিরি (تَقْرِيرِي) : সাহাবীগণের যে সব কথা ও কাজের প্রতি রাসূল ^{সাহাবীগণের} ^{আলাহিকার} ^{হাদিসকে} সমর্থন প্রদান করেছেন তাকে তাকুরিরি হাদিস বলে।

• বর্ণনাকারীদের (রাবি) সিলসিলা অনুযায়ী হাদিসকে তিনভাগে ভাগ করা যায়-

১. মারফু (مَرْفُوعٌ) : যে হাদিসের বর্ণনা সূত্র রাসূলুল্লাহ ^{সাহাবীগণের} ^{আলাহিকার} ^{হাদিসকে} পর্যন্ত পৌঁছেছে।

২. মাওকুফ (مَوْكُوفٌ) : যে হাদিসের বর্ণনা সূত্র সাহাবি পর্যন্ত পৌঁছেছে।

৩. মাকতু (مَقْطُوعٌ) : যে হাদিসের বর্ণনা সূত্র তাবেয়ি পর্যন্ত পৌঁছেছে।

• রাবিদের বাদপড়ার দিক থেকে হাদিস দুই প্রকার-

১. মুত্তাসিল ২. মুনকাতি'

১. মুত্তাসিল (الْمُتَّصِلُ) : যে হাদিসের সনদের ধারাবাহিকতা ওপর হতে নিচ পর্যন্ত পূর্ণরূপে রক্ষিত হয়েছে, কোন রাবি বাদ বা উহ্য থাকেনি তাকে মোত্তাসিল বলে।

২. মুনকাতি (الْمُنْقَطِعُ) : সূত্র অসংলগ্ন অর্থাৎ যে হাদিসের সনদের ধারাবাহিকতা রক্ষা হয় নি, কোন না কোন স্থানের রাবি বাদ পড়েছে বা উহ্য রয়েছে এ ধরনের হাদিসকে মুনকাতি' বলে।

• রাবির গুণ অনুযায়ী হাদিস তিন প্রকার

১. সহীহ (صَحِيحٌ) : যে হাদিস মুত্তাসিল সনদ (অবিচ্ছিন্ন বর্ণনা সূত্র), রাবি ন্যায্যপরায়ণ, নির্ভরযোগ্য ও স্বচ্ছ স্মরণশক্তিসম্পন্ন এবং হাদিসটি শায় ও মুয়াল্লাল নয়।

২. হাসান (حَسَنٌ) : স্বচ্ছ স্মরণশক্তি ব্যতীত সহীহ হাদিসের সমস্ত বৈশিষ্ট্যই যার মধ্যে বিদ্যমান।

৩. **ضَعِيفٌ** (ضَعِيفٌ) : যে হাদিস উপরোক্ত সকল কিংবা কোন কোনটার উল্লেখযোগ্য ত্রুটি থাকে তাকে **ضَعِيفٌ** হাদিস বলে ।

• বর্ণনাকারী তথা রাবিদের সংখ্যা অনুযায়ী হাদিস চার প্রকার

১. **مُتَوَاتِرٌ** (مُتَوَاتِرٌ) : ঐ হাদিস, প্রত্যেক যুগে যার বর্ণনাকারীদের সংখ্যা এত বেশি যে, যাদের মিথ্যাচারে মতৈক্য হওয়া স্বাভাবিকভাবেই অসম্ভব ।

২. **مَشْهُورٌ** (مَشْهُورٌ) : যে হাদিসের বর্ণনাকারী কোন যুগেই বর্ণনাকারীর সংখ্যা তিনের কম ছিল না ।

৩. **عَزِيزٌ** (عَزِيزٌ) : যার বর্ণনাকারীর সংখ্যা কোন যুগেই দুই এর কম ছিল না ।

৪. **غَرِيبٌ** (غَرِيبٌ) : যার বর্ণনাকারীর সংখ্যা কোন কোন যুগে একজনে পৌঁছেছে ।

(শেষোক্ত তিন প্রকার হাদিসকে একসাথে ‘খবরে আহাদ’ বলে) ।

• ত্রুটিপূর্ণ বর্ণনার দিক থেকে হাদিস ২ প্রকার

১. হাদিসে শায় (**الْحَدِيثُ الشَّاذُّ**): যে হাদিসের বর্ণনাকারী বিশ্বস্ত কিন্তু তাঁর চেয়ে অধিক বিশ্বস্ত রাবির বর্ণনার বিপরীত ।

২. হাদিসে মুয়াল্লাল (**الْحَدِيثُ الْمُعَلَّلُ**): যে হাদিসের বর্ণনা সূত্রে এমন এক সূক্ষ্ম ত্রুটি থাকে, যা কেবল হাদিসশাস্ত্রের বিশেষজ্ঞরাই বুঝতে পারেন ।

• হাদিস সংগ্রহ, সংরক্ষণ ও শিক্ষাদানের ওপর নির্ভর করে মুহাদ্দিসগণ সাহাবাদের চার ভাগে বিভক্ত করেছেন

১. **مُكَاتِّبُونَ** (مُكَاتِّبُونَ): যে সকল সাহাবা একহাজার বা ততোধিক হাদিস শিক্ষা দিয়েছেন তাঁদেরকে মুকাত্তিবুন বলে ।

২. **مُتَوَسِّطُونَ** (مُتَوَسِّطُونَ): যে সকল সাহাবা পাঁচশত বা ততোধিক হাদিস শিক্ষা দিয়েছেন তাঁদেরকে মুতাস্বিতুন বলে ।

৩. মুকিল্লুন (مُقَلِّلُونَ): যে সকল সাহাবা চল্লিশ থেকে পাঁচশত হাদিস শিক্ষা দিয়েছেন তাঁদেরকে মুকিল্লুন বলে।

৪. আকাল্লুন (أَقَلُّونَ): যে সকল সাহাবা চল্লিশের কম হাদিস শিক্ষা দিয়েছেন তাঁদেরকে আকাল্লুন বলে।

• আল-কুরআন ও হাদিসে কুদসির মধ্যে পার্থক্য

১. হাদিসে কুদসির ভাব আল্লাহর আর ভাষা রাসূল পাওয়া যায় আল্লাহর হাদিসে এর, পক্ষান্তরে আল-কুরআনের ভাব, ভাষা দুটিই আল্লাহ তায়ালার।

২. আল-কুরআন সংরক্ষণের দায়িত্ব নিয়েছেন আল্লাহ, যা তিনি ঘোষণা করেছেন, কিন্তু হাদিসে কুদসির ক্ষেত্রে তা বলা হয়নি।

৩. নামাজে আল-কুরআন তেলাওয়াত করা বাধ্যতামূলক, কিন্তু নামাজে হাদিসে কুদসি পড়ার সুযোগ নেই।

৪. আল-কুরআন তেলাওয়াতে প্রতি অক্ষরে ১০ নেকি কিন্তু হাদিসে কুদসির ব্যাপারে এমন কোন ঘোষণা নেই।

৫. অপবিত্র অবস্থায় আল-কুরআন স্পর্শ করা হারাম, কিন্তু হাদিসে কুদসি স্পর্শ করা যায়।

• হাদিসে কুদসি ও হাদিসে নববীর মধ্যে পার্থক্য

১. যে হাদিসের ভাব আল্লাহর, ভাষা রাসূলের তাকে বলা হয় হাদিসে কুদসি। আর যে হাদিসের ভাব ও ভাষা দুটোই রাসূলের, তাকে বলা হয় হাদিসে নববী।

২. যে হাদিসে আল্লাহ বলেছেন/আল্লাহ নির্দেশ করেছেন ইত্যাদির উল্লেখ রয়েছে তাকে বলা হয় হাদিসে কুদসি।

পক্ষান্তরে রাসূল পাওয়া যায় আল্লাহর হাদিসে এর কথা কাজ ও মৌনসম্মতিই হাদিসে নববী।

• হাদিস ও সুন্নাতের মধ্যে পার্থক্য

হাদিস আরবি শব্দ। পরিভাষায়, মহানবী পাওয়া যায় আল্লাহর হাদিসে এর কথা, কাজ ও মৌনসম্মতিই হাদিস।

সুন্নাত হল রাসূল পাওয়া যায় আল্লাহর হাদিসে এর বাস্তব কর্মনীতি, কথা, কাজ, অনুমোদনকেই সুন্নাত বলে।

● আশারায়ে মুবাশশারাহ : একসাথে জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশ সাহাবী

১. হজরত আবু বকর ইবনু আবি কুহাফা রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
২. হজরত ওমর ইবনুল খাত্তাব রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৩. হজরত উসমান ইবনু আফফান রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৪. হজরত আলী ইবনু আবি তালিব রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৫. হজরত তালহা বিন ওবায়দিলাহ রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৬. হজরত যোবায়ের ইবনুল আওয়াম রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৭. হজরত আবদুর রহমান ইবনে আওফ রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৮. হজরত আবু ওবায়দা ইবনুল জাররাহ রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
৯. হজরত সাঈদ বিন আবি ওয়াক্কাস রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু
১০. হজরত সাঈদ ইবনে যায়েদ রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু

● অধিক হাদিস বর্ণনাকারী সাহাবীগণ

১. হজরত আবু হুরাইরা রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ৫৩৭৪
২. হজরত আয়েশা রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ২২১০
৩. হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ১৬৬০
৪. হজরত আবদুল্লাহ ইবনে ওমর রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ১৬৩০
৫. হজরত জাবির ইবনে আবদিলাহ রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ১৫৪০
৬. হজরত আনাস ইবনে মালিক রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ১২৮৬
৭. হজরত আবু সাঈদ খুদরী রুযিয়্যাহু
কা হাদীশ
আনহু - ১১৭০

● উপমহাদেশের প্রখ্যাত মুহাদ্দিস

১. শাহ ওয়ালী উল্লাহ দেহলভী (রাহ.)
২. শাহ আবদুল আজিজ দেহলভী (রাহ.)
৩. হোসাইন আহমাদ মাদানি (রাহ.)
৪. মুফতি আমিমুল ইহসান (রাহ.)
৫. আল্লামা আযিযুল হক (রাহ.)

ইলমে তাজবিদ

(عِلْمُ التَّجْوِيدِ) তাজবিদ শব্দের আভিধানিক অর্থ সুন্দরকরা ও সাজানো। পারিভাষিক অর্থে যে ইলমের মাধ্যমে কুরআনুল কারিমের প্রতিটি মাখরাজ ও সিফাত যথাযথভাবে জানা যায় তাকে ইলমে তাজবিদ বলা হয়।

● লাহান (ভুল তিলাওয়াত)

তাজবিদের নিয়ম-কানুন লংঘন করে আল-কুরআন তিলাওয়াত করাকে লাহান বলা হয়।

লাহান দুই প্রকার : ১. লাহানে জলি বা স্পষ্ট ভুল ২. লাহানে খফি বা অস্পষ্ট ভুল।

১. লাহানে জলি: তিলাওয়াতের সময় এক অক্ষরের স্থলে অন্য অক্ষর পড়া যেমন (فُلٌ) (كُلٌ) পড়া, অথবা এক হরকতের স্থলে অন্য হরকত পড়া (أَنْعَمْتُ) এর জায়গায় (أَنْعَمْتُ)

২. লাহানে খফি: মদ, নুনে সাকিন ও তানবিন ইত্যাদিতে ভুল করা-এতে তেলাওয়াতের সৌন্দর্য নষ্ট হয়। যেমন, (أَنْتَ) এর নুনে সাকিনকে ইকফা না করে ইয়হার করে পড়া। এতে অর্থের পরিবর্তন হয় না এবং নামাজ নষ্ট হয় না।

● মাখরাজ পরিচিতি

আরবি হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে। মাখরাজ- ১৭টি এই ১৭টি মাখরাজ ৫ স্থানে অবস্থিত।

(ক) কঠনালী (খ) জিহ্বা (গ) উভয় ঠোঁট (ঘ) নাকের বাঁশি (ঙ) মুখের খালি জায়গা।

● কঠনালী ৩টি মাখরাজে ৬টি হরফ

১ নং মাখরাজ: হলকরে শুরু হতে- (هَمْزُهُ-هَاء)

২. হলকের মধ্যখান হতে ح ع (عَيْن-حَاء)

৩. হলকের শেষভাগ হতে- غ خ (عَيْن-حَاء)

• জিহ্বা হতে ১০টি মাখরাজে ১৮টি হরফ (حَرَف)

৪. জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ق (قَاف)

৫. জিহ্বার গোড়া হতে একটু আগে বাড়িয়ে তার বরাবর ওপরের তালুর সঙ্গে লাগিয়ে- ك (كَاف)

৬. জিহ্বার মধ্যখান তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে,

(جِيم-شَيْن-يَاء) ي ش ج

৭. জিহ্বার গোড়ার কিনারা সামনের উপরের একপাশের দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে- ض (ضَاد)

৮. জিহ্বার আগার কিনারা সামনের উপরের একপাশের দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে- ل (لَام)

৯. জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে ن (نُون)

১০. জিহ্বার আগার পিঠ তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগিয়ে, ر (رَاء)

১১. জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে:

(طَاء-ذَال-تَاء) ط د ت

১২. জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে-

(صَاد-سَيْن-زَاء) ص س ز

১৩. জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে-

(ظَاء-ذَال-تَاء) ظ ذ ث

১৪. নিচের ঠোঁটের পেট সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগিয়ে ف (فَاء)

(فَاء)

১৫. দুই ঠোঁট হতে (ওয়াও উচ্চারণের সময় দুই ঠোঁট গোল হবে):

(وَأُو-بَاء-مِيم) و ب م

১৬. মুখের খালি জায়গা হতে মাদ্দের হরফ উচ্চারিত হয়। মাদ্দের হরফ তিনটি। ওয়াও, আলিফ ও ইয়া। যবরের বাম পাশে খালি আলিফ, পেশের বাম পাশে জযমওয়ালা ওয়াও এবং জেরের বাম পাশে জযমওয়ালা ইয়া। মাদ্দের হরফ এক

আলিফ টেনে পড়তে হয়। যেমন- بِأُوُّ ۞

১৭. নাকের বাঁশি হতে গুন্নাহ উচ্চারিত হয়। আন্না, ইন্না, আন্মা ইত্যাদি।

إِنَّ أِنَّ أَمَّ

- হরফে হালকি ৬ টি ح غ خ ع ه
- হরফে শাফভি ৪ টি- و م ف ب
- হরফে ওয়াসতি ১৮টি ث ... ظ

- নূন সাকিন ও তানবিন
- নূন সাকিন ও তানবিনের চারটি বিধান রয়েছে

১. ইযহার (إِظْهَارُ) (স্পষ্ট করা) ৩. ইদগাম (إِدْغَامُ) (মিল করা)

২. ইকলাব (إِقْلَابُ) (বদল করা) ৪. ইখফা (إِخْفَاءُ) (গোপন করা)

১. ইযহার (إِظْهَارُ): ইযহার অর্থ আওয়াজকে স্পষ্ট করে পড়া। ইযহারের হরফ

ছয়টি, যথা: ح غ خ ع ه

নূন সাকিন বা তানবিনের পরে এই ছয়টি হরফের (হরফে হালকি) কোন একটি

হরফ থাকলে ۞ নূন সাকিন বা তানবিনকে গুন্নাহ ও ইখফা ছাড়াই নিজ মাখরাজ

থেকে স্পষ্ট করে পড়াকে ইযহার বলে। ۞ নূন সাকিন এর পরে যেমন- أَنْعَمْتَ

এবং তানবিন এর পরে যেমন- سَيَسُوعُ عَلَيْهِمُ

২. ইকলাব (إِقْلَابٌ) : ইকলাব অর্থ বদল করে পড়া। ইকলাবের হরফ একটি ب (বা) এই হরফ ن নূন সাকিন বা তানবিন এর পরে (ب) থাকলে ঐ (ن) নূন সাকিন বা তানবিনকে মিম (م) দ্বারা বদল করে ইখফা ও গুল্লাহ করে পড়তে হয়। (ن) নূন সাকিন এর পরে যেমন مِنْ بَعْدِ তানবিনের পরে যেমন. (سَبِيحٌ بَصِيرٌ)

৩. ইদগাম (إِدْغَامٌ) : ইদগাম অর্থ মিলিয়ে পড়া।

ইদগামের হরফ ছয়টি (يُرْمَلُونَ) ی-ر-م-ل-و-ن

ن নূন সাকিন বা তানবিন এর পরে ইদগামের এই ছয়টি হরফের কোন একটি অক্ষর আসলে ঐ ن নূন সাকিন বা তানবিনকে পরবর্তী অক্ষরের সাথে মিলিয়ে পড়াকে ইদগাম বলে।

• ইদগাম দুই প্রকার :

(১) ইদগামে বাগুলাহ, (২) ইদগামে বেলাগুলাহ

১. ইদগামে বাগুলাহ: ইদগামে বাগুলাহর হারফ চারটি (ی م و ن) এই চার হারফের কোন একটি হরফ ن নূন সাকিন বা তানবিন এর পরে আসলে ن নূন সাকিন বা তানবিনকে (নূনের সহিত) গুল্লাহর সহিত মিলিয়ে পড়তে হয়। ن সাকিন এর পরে যেমন ان يضرب। তানবিন এর পরে যেমন- حَطَّتْ نَغْفَرُكُمْ

২. ইদগামে বেলাগুলাহ: ইদগামে বেলাগুলাহর হরফ দুইটি, (ر ل)

নূনে সাকিন বা তানবিনের পর (র, লাম) এর যে কোন একটি বর্ণ এলে গুল্লাহ ছাড়া মিলিয়ে পড়তে হয়।

যেমন-(فَعَالٌ لَمَّا يُرِيدُ)-যেমন

উল্লেখ্য: যখন নূন সাকিন বা তানবিন এবং ইদগামের অক্ষর একই শব্দে পাওয়া যাবে তখন ইদগামের এ নিয়ম প্রযোজ্য হবে না। যেমন- (قُنُونٌ .) - যেমন- (صِنُونٌ)

৪. ইখফা (إِخْفَاءٌ): ইখফা অর্থ গোপন করা। ইখফার হরফ ১৫টি যথা: ت ث

ج د ذ ز س ش ص ض ط ظ ف ق ك

নূন সাকিন বা তানবিনের পর উক্ত ১৫ হারফের কোন একটি হরফ থাকলে গুনাহর সাথে ইখফা করে পড়তে হয়। ن এর পরে যেমন - فَأَنْذَرْتَكُمْ

তানবিন এর পরে যেমন- خَيْرٌ أَكْثَرًا

• মিম সাকিন পড়ার নিয়ম তিনটি

মিম সাকিন ৩ প্রকার

১. ইফখা (إِخْفَاءٌ) ২. ইদগাম (إِدْغَامٌ) ৩. ইজহার (إِظْهَارٌ)

১. ইফখা (إِخْفَاءٌ): মিম সাকিনের পরে (ب) বা বর্ণ থাকলে গুনাহ সহ ইখফা করে পড়তে হয়। যেমন وَمَا هُمْ بِمُؤْمِنِينَ

২. ইদগাম (إِدْغَامٌ): মিম সাকিনের পরে (م) মিম বর্ণ এলে ইদগাম গুনাহ সহ মিলিয়ে পড়তে হয়। যেমন فِي قُلُوبِهِمْ مَرَضٌ

৩. ইজহার (إِظْهَارٌ): মিম সাকিনের পর (ب) বা ও (م) মিম ছাড়া অন্য যে কোন হরফ থাকলে ইখফা ও গুনাহ ছাড়া ইযহার বা স্পষ্ট করে পড়তে হয়। যেমন لَمْ يَكُنْ - أَلَمْ نَشْرَحْ

• ওয়াজিব গুনাহ

হরকতের বাম পাশে (ن) নূন ও (م) মিম হরফ ২টি দু'টির কোন একটি তাশদিদযুক্ত হলে গুনাহ করা জরুরি। তাকে ওয়াজিব গুনাহ বলে। এক্ষেত্রে গুনাহর পরিমাণ এক আলিফ। গুনাহ নাকের বাঁশি হতে উচ্চারিত হয়। গুনাহকে অনেকটা চন্দ্রবিন্দুর ন্যায় উচ্চারণ করে পড়তে হয় যেমন, عَمَّ يَتَسَاءَلُونَ
তাছাড়া কুরআনে আরও দুই প্রকার গুনাহ আছে ১. নূন সাকিন ও তানভীনের গুনাহ ২. মিম সাকিনের গুনাহ

• পোর ও বারিক (চিকন ও মোটা)

নিম্নলিখিত বর্ণগুলো অবস্থাভেদে পোর ও বারিক করে পড়তে হয় ।

১. র (راء) ২. (আল্লাহ) শব্দের লাম (اللَّهُ)

* আল্লাহ শব্দের লাম (اللَّهُ) উচ্চারণের বিধান দুইটি :

১. আল্লাহ (اللَّهُ) শব্দের লামের (اللَّهُ) ডানে যদি জবর কিংবা পেশ থাকে তবে উক্ত লামকে (اللَّهُ) সব সময় মোটা করে পড়তে হয় । পোর মানে মোটা করে পড়া যেমন- رَفَعَهُ اللَّهُ رَادًا اللَّهُ

২. আল্লাহ (اللَّهُ) শব্দের লামের ডানে যদি জের বা কাসরাহ থাকে তবে উক্ত লামকে (اللَّهُ) বারিক বা চিকন করে পড়তে হয় । যেমন- بِسْمِ اللَّهِ - لِلَّهِ مَا قِي - السَّمَوَاتِ

আল্লাহ (اللَّهُ) শব্দের লাম (لام) অক্ষর ছাড়া যত লাম অক্ষর রয়েছে তার ডানে যে কোন হরকত হোক না কেন সর্বাবস্থায় তা বারিক বা চিকন করে পড়তে হয় । যেমন- تَقَاتِلُونَ وَمَا لَكُمْ لَا

* র (راء) হরফ ৫টি অবস্থায় পোর বা মোটা করে পড়তে হয় ।

১.র (راء) এর ওপর জবর বা পেশ হলে উক্ত র (راء) পোর বা মোটা করে পড়তে হয়। যেমন - رَبُّ الْعَالَمِينَ - رَبَّمَا يَوْدُ -

২. র (راء) বর্ণ সাকিন ও তার পূর্ব বর্ণ পেশ বা জবরযুক্ত হলে উক্ত

‘র’ (راء) কে পোর বা মোটা করে পড়তে হয়। যেমন - اُرْكُسُوا - يَرَجِعُونَ -

৩. ‘র’ (راء) সাকিন ও তার পূর্বে (كسره عارضى) ক্ষণস্থায়ী যের বিশিষ্ট বর্ণ হলে ঐ ‘র’ (راء) বর্ণকে মোটা বা পোর করে পড়তে হয়। যেমন - اِنْ اِزْتَبْتُمْ -
- مِنْ اِزْتَصَى -

৪. ‘র’ (ر) এর পূর্ব বর্ণ যদি যের যুক্ত হয় এবং তার পরবর্তী অক্ষর নিম্নোক্ত ৭টি অক্ষরের যে কোন একটি হয় তবে ঐ ‘র’ (راء) কে পোর বা মোটা করে পড়তে হয়। হারফগুলো হল, ض, ط, ظ, خ, غ, ق, ه। এগুলোকে হারফে মুস্তালিয়া বলে। যেমন - مِرْصَادٌ - قِرْطَاسٌ - فِرْقَةٌ -

৫. ওয়াকফ অবস্থায় ‘র’ (راء) সাকিনের পূর্বে ইয়া (ياء) ব্যতীত অন্য কোন বর্ণ সাকিন হলে এবং সাকিনের পূর্ব বর্ণে যবর অথবা পেশ হলে উক্ত ‘র’ (راء) কে পোর বা মোটা করে পড়তে হয়। যেমন - صُدُورٌ شَهْرٌ - حُسْرٌ -

• চার অবস্থায় ‘র’ (راء) বারিক বা চিকন করে পড়তে হয়

১. ‘র’ (راء) বর্ণ যেরযুক্ত হলে বারিক করে পড়তে হয়। যেমন - رَجَالٌ - رِكْوًا -

২. ‘র’ (راء) বর্ণ সাকিন পূর্ব ও পূর্ববর্তী বর্ণ যের বিশিষ্ট হলে ঐ ‘র’ (راء) কে বারিক বা চিকন করে পড়তে হয়। যেমন - حَيٌّ - حَيٌّ -

৩. ‘র’ (راء) বর্ণ ওয়াকফের কারণে জযম বিশিষ্ট হলে এবং তৎপূর্বে ‘ইয়া’

(بِأَع) ভিন্ন অন্য কোন সাকিন বর্ণের পূর্বের বর্ণ যের বিশিষ্ট হয় তা হলে 'র'

(رَاع) কে বারিক বা চিকন করে পড়তে হয়। যেমন- شَعْرٌ ذِكْرٌ-

৪. 'র' (رَاع) বর্ণ ওয়াকফের কারণে সাকিন বিশিষ্ট হলে এবং তৎপূর্বে 'ইয়া'

(بِأَع) ভিন্ন অন্য কোন সাকিন বর্ণের পূর্বের বর্ণ যের বিশিষ্ট হয় তা হলে ঐ 'র'

(رَاع) কে বারিক বা চিকন করে পড়তে হয়। যেমন- حَزْرٌ-

• মাদ :

টেনে বা দীর্ঘ করে পড়ার নাম মাদ।

• মাদের হরফ তিনটি : ا و ی

১. যবরের বাম পাশে খালি আলিফ (ا)

২. যেরের বাম পাশে জযম ওয়ালা ইয়া (ئِ)

৩. পেশের বাম পাশে জযম ওয়ালা ওয়াও (ؤِ)

• মাদ ১০ প্রকার

• এক আলিফ মাদ ৩ প্রকার

১. মাদ্দে তাবায়ি (مَدَّ طَبَعِي) : যবরের বাম পাশে খালি আলিফ, পেশের বাম পাশে জযম ওয়ালা ওয়াও, যেরের বাম পাশে জযম ওয়ালা ইয়া হলে তাকে মাদ্দে তাবায়ি বলে। এক আলিফ টেনে পড়তে হয়। (ا و ئِ) যেমন- بَأُ-بُؤُ-

بُئِ-تَأُ-تُؤُ-تِئِ

২. মাদ্দে বদল (مَدَّ بَدَلِي) : মাদ্দের হরফের পূর্বে হামযা এলে তাকে মাদ্দে বদল বলে। একে এক আলিফ লম্বা করিয়া পড়তে হয়, যেমন- أَيَانًا-

৩. মাদ্দে লিন (مدلين) : হরফে লিনের বাম পার্শ্বে ওয়াকফ অবস্থায় সাকিন হলে তাহাকে মাদ্দে লিন বলে। লিনের হরফ ২টি।

১. যবরের বামে জযম ওয়ালা 'ওয়াও' و'

২. যবরের বামে জযম ওয়ালা ইয়া ي'

ইহাকে এক আলিফ লম্বা করিয়া পড়িতে হয়, যেমন- يَيْتُ خَوْفٌ سَيِّدٌ । মাদ্দে লিন ২/৩ আলিফ টানিয়া ও পড়া যায়।

• তিন আলিফ মাদ ২ প্রকার

১. মাদ্দে আরজি (مد عارضى) : মাদ্দের হরফের বাম পার্শ্বে ওয়াকফের হালতে সাকিন হলে তাহাকে মাদ্দে আরজি বলে। ইহাকে তিন আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- تَعْلَمُونَ ।

২. মাদ্দে মুন্ফাখিল (مد منفصل) : মাদ্দের হরফের বাম পার্শ্বে আলিফের হালতে অন্য শব্দে 'হামজাহ' (ء) উপরের চিহ্ন (~) হবে তাহাকে মাদ্দে মুন্ফাখিল বলে। ইহাকে তিন আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- أَعْظَمْنَاكَ ।

• চার আলিফ মাদ ৫ প্রকার

১. মাদ্দে মুত্তাখিল (مد متصل) : মাদ্দের হরফের বাম পার্শ্বের একই শব্দে 'হামজাহ' (ء) হলে (উপরে থাকলে ...) তাহাকে মাদ্দে মুত্তাখিল বলে। ইহাকে চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- أُؤْتِيكَ ।

২. মাদ্দে লাযেম (مد لازم) : হরফে মদের বাম পার্শ্বে সাকিন এলে তাহাকে মাদ্দে লাযেম বলে। ইহা চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন - دَابَّةٌ । মাদ্দে লাযেম ৪ প্রকার যথা

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❁ ৩০

১. মাদ্দে লাযেম কালমি মুসাক্কাল (مد لازم كلّى مثقل) : শব্দের মধ্যে তাশদিদযুক্ত সাকিন আসে তবে তাহাকে মাদ্দে লাযেম কালমি মুসাক্কাল বলে। ইহাকেও চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- تَامُرُونِي

২. মাদ্দে লাযেম কালমি মুখাফ্ফাফ (مد لازم كلّى مخفف) : যদি শব্দের মধ্যে মাদ্দের হরফের পর সাকিন আসলি হলে তাহাকে মাদ্দে লাযেম কালমি মুখাফ্ফাফ বলে। ইহাকে চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- اللَّئِن

৩. মাদ্দে লাযেম হরফি মুসাক্কাল (مد لازم حرفى مثقل) : যদি মাদ্দের হরফের পর হরফের পর তাশদিদ যুক্ত সাকিন হরফ থাকলে তাহাকে মাদ্দে লাযেম হরফি মুসাক্কাল বলে। ইহাকে চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন- اللَّم

৪. মাদ্দে লাযেম হরফি মুখাফ্ফাফ (مد لازم حرفى مخفف) : মাদ্দের অক্ষরের পর তাশদিদযুক্ত কোন বর্ণ না থাকলে তাকে মাদ্দে লাযেম হরফি মুখাফ্ফাফ বলে। ইহাকে চার আলিফ লম্বা করিয়া পড়িতে হয়। যেমন ص

• কলকলার হরফ কয়টি

কলকলার আওয়াজ লাফাইয়া উপরের দিকে যায়। শুনিতে যবরের মত শুনায়। اَبْ. اَجْ

কলকলার হরফ (ق ط ب ج د) টি (قطب جد)

আল-কুরআনে তিন প্রকারের গুন্নাহ আছে। (ক) ওয়াজিব গুন্নাহ (খ) নুনে সাকিন ও তানবিনের গুন্নাহ (গ) মি-মে সাকিনের গুন্নাহ।

• অজুর ফরজ ৪টি

১। সমস্ত মুখ ধোয়া। ২। দুই হাতের কনুইসহ ধোয়া।

৩। মাথা মাসাহ করা। ৪। দুই পায়ের টাখনুসহ ধোয়া।

• গোসলের ফরজ ৩টি

১. গরগরার সহিত কুলি করা। (কণ্ঠনালী পর্যন্ত)
২. নাকে পানি দেওয়া। (নরম জায়গা পর্যন্ত)
৩. সমস্ত শরীর ধৌত করা।

• তায়াম্মুমের ফরজ ৩টি

১. নিয়্যাত করা।
২. সমস্ত মুখ একবার মাসাহ করা।
৩. দুই হাতের কনুইসহ একবার মাসাহ করা।

• নামাজের ফরজ ১৩টি

• নামাজের বাহিরে ৭টি:

১. শরীর পাক ২. কাপড় পাক ৩. নামাজের জায়গা পাক ৪. সতর ঢাকা ৫. কিবলামুখী হওয়া ৬. সময় মত নামাজ পড়া ৭. নামাজের নিয়ত করা।

• নামাযের ভিতরে ৬টি:

১. তাকবীরে তাহরীমা ২. দাঁড়িয়ে নামাজ পড়া ৩. কিরাত পড়া ৪. রুকু করা ৫. সিজদা করা ৬. শেষ বৈঠক করা।

• রোজার ফরজ দুইটি

১. নিয়ত করা ২. সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও যাবতীয় স্ত্রী-সম্ভোগ থেকে বিরত থাকা।

• অজু ভঙ্গের কারণ ৭ টি

১. পায়খানা বা পেশাবের রাস্তা দিয়ে কোনো কিছু বাহির হওয়া।
২. মুখ ভরে বমি হওয়া।
৩. শরীরের ক্ষত স্থান হতে রক্ত পুঁজ বা পানি বের হয়ে গড়িয়ে পড়া।
৪. খুথুর সঙ্গে রক্তের ভাগ সমান বা বেশি হওয়া।

৫. চিৎ বা কাত হয়ে হেলান দিয়ে ঘুমানো ।
৬. পাগল মাতাল অচেতন হলে ।
৭. নামাজে উচ্চস্বরে হাসলে ।

• দোয়ায় কুনুত (১)

اللَّهُمَّ إِنَّا نَسْتَعِينُكَ وَنَسْتَغْفِرُكَ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ وَنُثْنِي عَلَيْكَ الْحَمْدَ وَنَشْكُرُكَ وَلَا نَكْفُرُكَ وَنَخْلَعُ وَنَتْرُكُ مَنْ يَفْجُرُكَ اللَّهُمَّ أَيَّاكَ نَعْبُدُ وَلَكَ نَصَلِي وَنَسْجُدُ وَإِلَيْكَ نَسْعِي وَنَخْفِدُ وَنَرْجُو رَحْمَتَكَ وَنَخْشَى عَذَابَكَ إِنَّ عَذَابَكَ بِالْكَفَّارِ مُلْحِقٌ۔

অর্থ : হে আল্লাহ! আমরা তোমার নিকট সাহায্য প্রার্থনা করিতেছি, তোমার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি, তোমার ওপর ঈমান আনিতেছি এবং তোমার ওপর ভরসা করিতেছি। তোমার উত্তম প্রশংসা করিতেছি। তোমার শোকর আদায় করিতেছি এবং কখনও তোমার নাশোকরি বা কুফরি করি না। যাহারা তোমার নাফরমানি করে তাহাদের সহিত আমরা সম্পর্কচ্ছেদ করি এবং তাহাদিগকে পরিত্যাগ করিয়া চলি। হে আল্লাহ! আমরা একমাত্র তোমারই ইবাদত করি (অন্য কারো ইবাদত করি না)। একমাত্র তোমার জন্য নামাজ পড়ি, তোমাকেই সিজদা করি (তুমি ছাড়া অন্য কাহারো জন্য নামাজও পড়ি না বা অন্য কাউকেও সিজদা করি না) এবং তোমার দিকে দ্রুত ধাবিত হই। তোমার আদেশ পালনে প্রস্তুত থাকি। তোমার রহমতের আশা করি। তোমার আজাবকে আমরা ভয় করি। নিশ্চয়ই তোমার আজাব কাফেরদেরকে ধ্বংস করিবে।

• কুনুতে নাযেলা

اللَّهُمَّ اهْدِنَا فِي مَنْ هَدَيْتَ وَعَافِنَا فِي مَنْ عَافَيْتَ وَتَوَلَّنَا فِي مَنْ تَوَلَّيْتَ وَبَارِكْ لَنَا فِيمَا أَعْطَيْتَ وَقِنَا شَرَّ مَا قَضَيْتَ إِنَّكَ تَقْضِي وَلَا يُقْضَى عَلَيْكَ إِنَّكَ لَا يَدْرَأُ مَنْ وَالَيْتَ وَلَا يَعْرِضُ مَنْ عَادَيْتَ تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ نَسْتَغْفِرُكَ وَنُؤْبِئُ إِلَيْكَ وَصَلِي

اللَّهُ عَلَى النَّبِيِّ الْكَرِيمِ اللَّهُمَّ اغْفِرْ لَنَا وَلِلْمُؤْمِنِينَ وَ الْمُؤْمِنَاتِ وَالْمُسْلِمِينَ وَ
 الْمُسْلِمَاتِ وَالْفُ بَيْنَ قُلُوبِهِمْ وَ أَصْلِحْ ذَاتَ بَيْنِهِمْ وَ انصُرْهُمْ عَلَى عَدُوِّكَ
 وَعَدُوَّهُمْ اللَّهُمَّ الْعَنِ الْكُفْرَةَ وَ الْمَشْرِكِينَ وَالْيَهُودَ وَ النَّصَارَى الَّذِينَ يَصُدُّونَ
 عَنْ سَبِيلِكَ وَ يَكْذِبُونَ رُسُلَكَ وَيُقَاتِلُونَ أَوْلِيَاءَكَ اللَّهُمَّ خَالَفْ بَيْنَ كَلِمَتِهِمْ وَ
 شَتَّتْ شَتْلَهُمْ وَفَرِّقْ جَمْعَهُمْ وَأَنْزِلْ بِهِمْ بِأَسْكَ الَّذِي لَا تَرُدُّهُ عَنِ الْقَوْمِ
 الْمُجْرِمِينَ وَصَلَّى اللَّهُ تَعَالَى عَلَى خَيْرِ خَلْقِهِ مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ
 أَجْمَعِينَ. (حَسَنِ حَسِينِ ص ۱۵۹-۱۶۰)

• জানাযা নামাজ পড়ার পদ্ধতি

জানাযার নামাজ ৪ তাকবিরের সাথে পড়িতে হইবে। প্রথম তাকবিরের পরে সানা অথবা বিশুদ্ধ হাদিসের আলোকে সূরা ফাতিহা পড়িবেন। দ্বিতীয় তাকবিরের পরে দরুদে ইব্রাহিম পড়িবেন। তৃতীয় তাকবিরের পরে নিম্নোক্ত দোয়া পড়িবেন এবং চতুর্থ তাকবিরের শেষে সালাম ফিরাইবেন।

• জানাযার ছানা :

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَجَلَّ ثَنَاتُكَ وَلَا إِلَهَ غَيْرُكَ.
 হে আল্লাহ! তুমি পবিত্র, সকল প্রশংসা তোমারই, তোমার নাম বরকতময়, তোমার মহিমা অতি উচ্চ, তুমি ব্যতীত অন্য কোনো উপাস্য নেই।

• জানাযার দোয়া : (বালগদের জন্য)

اللَّهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَعَاقِبِنَا وَصَغِيرِنَا وَكَبِيرِنَا وَذَكَرْنَا وَأُنثَانَا
 اللَّهُمَّ مَنْ أَحْيَيْتَهُ مِنَّا فَأَحْيِهِ عَلَى الْإِسْلَامِ وَمَنْ تَوَفَّيْتَهُ مِنَّا فَتَوَفَّهُ عَلَى الْإِيمَانِ.
 হে আল্লাহ! আমাদের জীবিত, মৃত, উপস্থিত, অনুপস্থিত, ছোট, বড়, পুরুষ,

নারী সবাইকে ক্ষমা করুন। হে আল্লাহ! আপনি আমাদের জীবিতদেরকে ইসলামে ওপর জীবিত রাখুন এবং মৃত্যুকালে ঈমানের ওপর মৃত্যু দিন।

- জানাযার দোয়া : (নাবালেগ ছেলের জন্য)

اللَّهُمَّ اجْعَلْهُ لَنَا فَرَطًا وَاجْعَلْهُ لَنَا أَجْرًا وَذُخْرًا وَاجْعَلْهُ لَنَا شَافِعًا وَمُشَفَّعًا

হে আল্লাহ! ওহাকে আমাদের জন্য অগ্রগামী করো ও ওহাকে আমাদের পুরস্কার ও সাহায্যের উপলক্ষ্য করো এবং ওহাকে আমাদের সুপারিশকারী ও গ্রহণীয় সুপারিশকারী বানাও।

- জানাযার দোয়া : (নাবালেগ মেয়ের জন্য)

اللَّهُمَّ اجْعَلْهَا لَنَا فَرَطًا وَاجْعَلْهَا لَنَا أَجْرًا وَذُخْرًا وَاجْعَلْهَا لَنَا شَافِعَةً وَمُشَفَّعَةً

হে আল্লাহ! ওহাকে আমাদের জন্য অগ্রগামী করো ও ওহাকে আমাদের পুরস্কার ও সাহায্যের উপলক্ষ্য করো এবং ওহাকে আমাদের সুপারিশকারী ও গ্রহণীয় সুপারিশকারী বানাও।

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস

সহীহ নিয়ত

• আল-কুরআন

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ
وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ ۝

১. তাদেরকে এছাড়া অন্য হুকুম দেয়া হয়নি যে, তারা যেন দীনকে আল্লাহর জন্য খালিস করে একমুখী হয়ে আল্লাহর দাসত্ব করে এবং নামাজ কায়েম করে ও জাকাত আদায় করে- এটাই সঠিক মজবুত দীন। (সূরা বায়্যিনাহ-৯৮: ৫)

مَنْ كَانَ يُرِيدُ حَرْثَ الْآخِرَةِ نَزِدْ لَهُ فِي حَرْثِهِ ۖ وَمَنْ كَانَ يُرِيدُ حَرْثَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا
وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ نَصِيبٍ

২. যারা আখিরাতের চাষের জমি চায়, আমি তার কৃষিভূমি বাড়িয়ে দিই। আর যারা দুনিয়ার ক্ষেতফসল চায় তাকে দুনিয়া থেকেই কিছু দিয়ে থাকি। কিন্তু আখিরাতে তার কোনো হিস্যা নেই। (সূরা শুরা-৪২: ২০)

وَمِنَ النَّاسِ مَنْ يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ ۗ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ

৩. অপরদিকে মানুষের মধ্যে এমনও আছে, যে আল্লাহর সন্তুষ্টির জন্য নিজের জীবন দিয়ে দেয় এবং এমন বান্দাদের উপর আল্লাহর বড়ই মেহেরবান। (সূরা বাকারা-০২: ২০৭) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা আলে ইমরান-২৯, সূরা নিসা-১৪৬, সূরা হুদ-১২৩, সূরা বনি ইসরাইল-১৮, ১৯, ৮৪, সূরা হাজ-৩৭, সূরা নামল-৭৮-৭৯, সূরা আহযাব-৩, সূরা দাহর-৯,

• হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ لَا يَنْظُرُ
إِلَى صَوْرِكُمْ وَأَمْوَالِكُمْ وَلَكِنْ يَنْظُرُ إِلَى قُلُوبِكُمْ وَأَعْمَالِكُمْ. (مُسْلِمٌ : بَابُ تَحْرِيمِ ظُلْمِ
الْمُسْلِمِ)

৩. হযরত হারিসুল আশয়ারী ^{পাচোয়ারি আল্লাহর আনলার} থেকে বর্ণিত, নবী করীম ^{পাচোয়ারি আল্লাহর আনলার} বলেছেন, আমি তোমাদেরকে পাঁচটি বিষয়ের নির্দেশ দিচ্ছি যেগুলোর ব্যাপারে আল্লাহ তায়ালা আমাকে নির্দেশ দিয়েছেন। ১. জামায়াতবদ্ধ হবে ২. নেতার আদেশ মন দিয়ে শুনবে ৩. তার আদেশ মেনে চলবে ৪. আল্লাহর পথে হিজরত করবে ৫. আল্লাহর রাস্তায় জিহাদ করবে, আর তোমাদের মধ্য হতে যে সংগঠন হতে বিষত পরিমাণ দূরে সরে গেল, সে তার গর্দান থেকে ইসলামের রশি খুলে ফেলল তবে যদি ফিরে আসে তা ভিন্ন কথা। আর যে ব্যক্তি (মানুষদেরকে) জাহেলিয়াতের দিক আহ্বান জানায় সে জাহান্নামি। সাহাবায়ে কেরাম বললেন, ইয়া রাসূলুল্লাহ ^{পাচোয়ারি আল্লাহর আনলার}! সে যদি রোজা রাখে, নামাজ পড়ে, এরপরও? রাসূল ^{পাচোয়ারি আল্লাহর আনলার} বললেন, যদি রোজা রাখে, নামাজ পড়ে এবং নিজেকে মুসলমান বলে দাবি করে এরপরও জাহান্নামি হবে। তবে তোমরা মুসলমানদের ডাকো যেভাবে তিনি (আল্লাহ) তাদের নামকরণ করেছেন মুসলিম, মু'মিন এবং আল্লাহর বান্দা হিসেবে। (মুসনাদে আহমাদ: হাদিসুল হারিসিল আশয়ারী আমিন নাবিয়্যি, ১৬৫৪২)।

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَا إِسْلَامَ إِلَّا بِجَمَاعَةٍ وَلَا جَمَاعَةَ إِلَّا بِأَمَارَةٍ وَلَا
أَمَارَةً إِلَّا بِطَاعَةٍ.

৪. হযরত উমার ইবনুল খাত্তাব <sup>রুদীয়াতাহা
তা হাম্মা
আনহু</sup> হতে বর্ণিত তিনি বলেন, সংগঠন ব্যতীত
ইসলাম নেই, আর নেতৃত্ব ব্যতীত সংগঠন নেই এবং আনুগত্য ব্যতীত নেতৃত্ব
নেই। (আসার)

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ
خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَرَّقَ الْجَمَاعَةَ فَمَاتَ مَاتَ مَيِّتَةً جَاهِلِيَّةً.

৫. হযরত আবু হুরায়রা <sup>রুদীয়াতাহা
তা হাম্মা
আনহু</sup> হতে বর্ণিত। তিনি বলেন আমি আল্লাহর রাসূল <sup>রুদীয়াতাহা
আলাইহি
সালম</sup>
কে বলতে শুনেছি, যে ব্যক্তি আমিরের আনুগত্যকে অস্বীকার করত জামায়াত
পরিত্যাগ করল এবং সেই অবস্থায় সে মারা গেল সে জাহেলিয়াতের মৃত্যুবরণ
করল (মুসলিম শরীফ)

প্রশিক্ষণ

• আল-কুরআন

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَ
الْحِكْمَةَ وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلَالٍ مُبِينٍ*

১. তিনিই সেই সত্তা, যিনি উম্মিদের মধ্যে তাদেরই একজনকে রাসূল হিসেবে
পাঠিয়েছেন, যে তাদেরকে তাঁর আয়াত শোনান, তাদের জীবন পবিত্র করেন
এবং তাদেরকে কিতাব ও হিকমত শিক্ষা দেন। অথচ এর আগে তারা স্পষ্ট
গোমরাহিতে পড়ে ছিল। (সূরা জুমুআ-৬২: ২)

كَمَا أَرْسَلْنَا فِيكُمْ رَسُولًا مِنْكُمْ يَتْلُوا عَلَيْكُمْ آيَاتِنَا وَيُزَكِّيكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتَابَ وَ
الْحِكْمَةَ وَيُعَلِّمُكُمُ مَا لَمْ تَكُونُوا تَعْلَمُونَ*

২. যেমন (তোমরা এভাবে সফলতা লাভ করেছে) আমি তোমাদের নিকট
তোমাদেরই মধ্য থেকে একজন রাসূল পাঠিয়েছি, যিনি তোমাদেরকে আমার
আয়াত পড়ে শোনান, তোমাদের জীবনকে সঠিকভাবে গড়ে তোলেন,

তোমাদেরকে কিতাব ও হিকমত শিক্ষা দেন এবং তোমাদের ঐসব কথা শেখান, যা তোমরা জানতে না। (সূরা বাকারা- ০২: ১৫১)

وَيُعَلِّمُهُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَالتَّوْرَةَ وَالْإِنْجِيلَ

৩. (ফেরেশতারা আগের কথার জের টেনে বলল) আল্লাহ তাঁকে কিতাব ও হিকমতের শিক্ষা দিবেন এবং তাওরাত ও ইনজিলের ইলম শেখাবেন। (সূরা আলে ইমরান-০৩: ৪৮)

الرَّحْمَنُ عَلَّمَ الْقُرْآنَ خَلَقَ الْإِنْسَانَ عَلَيْهِ الْبَيَانَ

৪. অতি বড় মেহেরবান আল্লাহ এ আল-কুরআনের শিক্ষা দিয়েছেন। তিনি মানুষকে সৃষ্টি করেছেন এবং তাকে কথা বলা শিখিয়েছেন। (সূরা আর-রাহমান- ৫৫: ১-৪)

وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلَكِ فَقَالَ أَبَشَّرْتُمُ بِأَسْمَاءٍ هَؤُلَاءِ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

৫. এরপর আল্লাহ আদমকে সব জিনিসের নাম শেখালেন। তারপর এসব জিনিসকে ফেরেশতাদের সামনে পেশ করে বললেন, যদি তোমাদের এ ধারণা সঠিক হয়ে থাকে (যে খলিফা নিয়োগ করলে বিশৃঙ্খলা দেখা দেবে) তাহলে এসব জিনিসের নাম বল দেখি। (সূরা বাকারা-০২: ৩১)

উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা বাকারা- ১২৯, ১৫১, ২৮২, সূরা নিসা-১১৩, সূরা রাদ- ১৬, সূরা ফাতের-২৮, সূরা যুমার- ৯, সূরা রাহমান- ১-৪, সূরা মোজাদালাহ- ১১, সূরা জুমুয়াহ-২,

• হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ (رض) قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَعَلَّمُوا الْقُرْآنَ وَالْفَرَائِضَ وَعَلِّمُوا النَّاسَ فَإِنِّي مَقْبُوضٌ. (ترمذی: بَابُ مَا جَاءَ فِي تَعْلِيمِ الْفَرَائِضِ، صَعْفَةُ الْأَلْبَانِي)

১. হযরত আবু হুরায়রা رض থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ صلی اللہ علیہ وسلم এরশাদ করেছেন, আল-কুরআন এবং ফারাজেজ শিক্ষা গ্রহণ কর এবং মানুষকে শিক্ষা

দাও। নিশ্চয়ই আমাকে উঠিয়ে নেয়া হবে। (তিরমিযী: বাবু মা জা'আ ফি তালিমিল ফারায়েযে, আলবানী একে দুর্বল বলেছেন, ২০১৭)

عَنْ عُمَانَ رَضِيَ اللَّهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ. (بُخَارِيُّ: بَابُ خَيْرِكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ)

২. হযরত উসমান رضي الله عنه থেকে বর্ণিত। রাসূলুল্লাহ صلى الله عليه وسلم বলেছেন, তোমাদের মধ্যে সেই হচ্ছে সর্বোত্তম ব্যক্তি যে, নিজে আল-কুরআন মাজিদ শিক্ষা গ্রহণ করে এবং অন্যকে শিক্ষা দেয়। (বুখারী, বাবু খায়রুকুম মান তায়াল্লামাল আল-কুরআন ওয়া আল্লামাহ: ৪৬৩৯)

أَخْبَرَنَا مَالِكُ بْنُ أَنَسٍ أَنَّهُ بَلَغَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ بُعِثْتُ لِأَتَمِّمَ حُسْنَ الْأَخْلَاقِ - (مَوْظَأَ مَالِكٍ: بَابُ مَا جَاءَ فِي حُسْنِ الْخُلُقِ)

৩. হযরত ইমাম মালেক (রাহ.) থেকে বর্ণিত, তার কাছে এই সংবাদ পৌছেছে, রাসূলুল্লাহ صلى الله عليه وسلم বলেছেন, আমাকে সুন্দর, বলিষ্ঠ চরিত্রের পরিপূর্ণতা বিধানের জন্য প্রেরণ করা হয়েছে। (মুয়াত্তা মালেক, বাবু মা জা আফি হুসনিল খুলকি)

عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ خَرَجَ فِي طَلَبِ الْعِلْمِ كَانَ فِي سَبِيلِ اللَّهِ حَتَّى يَرْجِعَ

৪. হযরত আনাস رضي الله عنه থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল صلى الله عليه وسلم বলেছেন, যে ব্যক্তি ইলম হাসিল করার উদ্দেশ্যে বের হয় সে ফিরে না আসা পর্যন্ত আল্লাহর পথে (জিহাদের মধ্যে) অবস্থান করে। (তিরমিযি)

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سِئِلَ عَنْ عِلْمٍ فَكْتَمَهُ أَلْجَمَ يَوْمَ الْقِيَامَةِ يَلْجَأُ مِنْ نَارٍ.

৫. হযরত আবু হুরায়রা رضي الله عنه থেকে বর্ণিত। রাসূল صلى الله عليه وسلم বলেছেন, যে ব্যক্তিকে দীনের কোন ইলম সম্পর্কে জিজ্ঞেস করা হয় এবং সে তা গোপন রাখে তাকে কিয়ামতের দিন আগুনের লাগাম পরানো হবে। (তিরমিযি ও আবু দাউদ)

ইসলামী শিক্ষা আন্দোলন ও ছাত্রসমস্যা

• আল-কুরআন

اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ • خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ • اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ • الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ • عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ •

১. পড়ুন (হে রাসূল!) আপনার রবের নাম নিয়ে, যিনি সৃষ্টি করেছেন। তিনি জমাট রক্তের পিণ্ড (ড্রপ) থেকে মানুষ সৃষ্টি করেছেন। আপনি পড়ুন, আপনার রব বড়ই দয়ালু। যিনি কলমের সাহায্যে জ্ঞান শিক্ষা দিয়েছেন। মানুষকে তিনি এমন জ্ঞান দিয়েছেন, যা সে জানত না। (সূরা আলাক- ৯৬:১-৫)

كَمَا أَرْسَلْنَا فِيكُمْ رَسُولًا مِّنكُمْ يَتْلُوا عَلَيْكُمْ آيَاتِنَا وَيُزَكِّيكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتَابَ وَ الْحِكْمَةَ وَيُعَلِّمُكُم مَّا لَمْ تَكُونُوا تَعْلَمُونَ •

২. যেমন আমি তোমাদের জন্য স্বয়ং তোমাদেরই মধ্য হতে একজন রাসূল পাঠিয়েছি, যে তোমাদেরকে আমার আয়াত পড়ে শুনায়, তোমাদের জীবন পরিশুদ্ধ ও উৎকর্ষিত করে তোমাদেরকে কিতাব ও হিকমতের শিক্ষা দেয় এবং যেসব কথা তোমাদের জানা নেই তা জানিয়ে দেয়। (সূরা আল বাক্বারাহ- ২:১৫১)

وَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَمِعْ لَهُ وَأَنْصِتْ لَعَلَّكُمْ تُرْحَمُونَ •

৩. যখন তোমাদের সামনে আল-কুরআন পড়া হয়, তখন মনোযোগের সাথে তা শুন এবং চুপ থাক। সম্ভবত এর মাধ্যমে তোমাদের প্রতি করুণা বর্ষিত হবে। (আল আ'রাফ-৭:২০৪)

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِّنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيكُمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَ الْحِكْمَةَ •

৪. তিনিই সেই মহান সত্তা যিনি তাদের মধ্য থেকে তাদের জন্য একজন নিরক্ষর রাসূল পাঠিয়েছেন। যিনি তাদেরকে আমার নিদর্শন (আয়াত) সমূহ পেশ করবেন, তাদেরকে পরিশুদ্ধ করবেন, তাদেরকে শিক্ষা দিবেন কিতাব ও (হিকমত) কলা-কৌশল। (সূরা আল জুমুআ-৬২:২)

كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ مُبْرَكٌ لِيَدَّبَّرُوا آيَاتِهِ وَلِيَتَذَكَّرَ أُولُو الْأَلْبَابِ •

৫. এ এক বরকতপূর্ণ কিতাব যা আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি, যেন লোকেরা এর আয়াতসমূহ সম্পর্কে চিন্তা-গবেষণা করে এবং বিবেকবানেরা সবক গ্রহণ করে। (সূরা সোয়াদ-৩৮:২৯) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা আলে ইমরান- ৭,১৮, (২৯০-২৯১), সূরা তাওবা- ১১২, সূরা রাদ- ১৬,১৯ সূরা নাহল- ৪৪,৮৯, সূরা বনি ইসরাইল -৫৩, সূরা কাহফ- ৭,৬৫,৬৬, সূরা ত্বহা- ১১৪, সূরা মমিনুন, সূরা হাজ্জ-৭৭, সূরা ফাতের-২৮, সূরা যুমার -৯,২৩ সূরা মুহাম্মদ- ২৪, সূরা নাজম -১৭,২৩, সূরা রাহমান-১-৪, সূরা মোজাদালাহ- ১১,

• হাদিস

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ (رض) قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَلَبَ الْعِلْمِ فَرِيضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ. (بَيَهَقِي: شُعَبُ الْإِيمَانِ)

১. হযরত আনাস ইবনে মালেক ^{পুণ্ড্রিয়ারাজ জাহান্নাম আনস} থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল ^{পাড়াপাড়ি আল্লাহর রাসূল} বলেছেন, জ্ঞান অর্জন করা প্রতিটি মুসলিম (নর-নারীর) ব্যক্তির উপর ফরজ (বায়হাকী: শুয়াবুল ইমান: ১৬১৪)

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ (رض) قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ خَرَجَ فِي طَلَبِ الْعِلْمِ كَانَ فِي سَبِيلِ اللَّهِ حَتَّى يَرْجِعَ. (تَرْوِمْذِي: بَابُ أَفْضَلِ الْعِلْمِ)

২. হযরত আনাস ইবনে মালেক ^{পুণ্ড্রিয়ারাজ জাহান্নাম আনস} থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল ^{পাড়াপাড়ি আল্লাহর রাসূল} বলেছেন, যে ব্যক্তি ইলম (জ্ঞান) অন্বেষণে বের হয়, সে ফিরে না আসা পর্যন্ত আল্লাহর পথেই থাকে। (তিরমিযি বাবু ফাদলি তলাবিল ইলমি-২৫৭১)

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلَّا مِنْ ثَلَاثَةٍ إِلَّا مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَكِدٍ صَالِحٍ يَدُّ عَوْلَهُ - (مُسْلِمٌ: بَابُ مَا يَلْحَقُ الْإِنْسَانَ مِنَ الثَّوَابِ بَعْدَ وَقَاتِهِ)

৩. হযরত আবু হুরায়রা ^{রুখিয়াছা} ^{আদালত} ^{আনক} থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ^{সাতায়াহ} ^{আলাহি} ^{হুসাইনি} বলেছেন, মানুষ যখন মারা যায় তখন তিন প্রকার আমল ব্যতীত তার সকল আমলের পথ বন্ধ হয়ে যায়। ১. সদকায়ে জারিয়াহ। ২. এমন জ্ঞান যা দ্বারা উপকার লাভ করা যায়। ৩. এমন নেককার সন্তান, যে তার জন্য দোয়া করে। (মুসলিম, বাবু মা ইয়ালহাকুল ইনসানা মিনাছ সাওয়াবে বা-দা ওফাতিহি : ৩০৮৪)

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سَلَكَ طَرِيقًا يَلْتَمِسُ فِيهِ عِلْمًا سَهَّلَ اللَّهُ لَهُ لَهُ طَرِيقًا إِلَى الْجَنَّةِ - (تَرْوِذِي) : بَابُ فَضْلِ طَلَبِ الْعِلْمِ

৪. হযরত আবু হুরায়রা ^{রুখিয়াছা} ^{আদালত} ^{আনক} থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ ^{সাতায়াহ} ^{আলাহি} ^{হুসাইনি} বলেছেন, যে ব্যক্তি ইলম হাসিল করার জন্য কোন পথে চলে আল্লাহ তার জন্য জান্নাতে যাবার পথ সহজ করে দেন। (তিরমিযী, বাবু ফাদলি তলাবিল ইলমি: ২৫৭০)

ইসলামী সমাজ বিনির্মাণ

• আল-কুরআন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدْرَكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنْجِيكُمْ مِّنْ عَذَابِ أَلِيمٍ • تَوَمَّنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ ۗ ذَلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنْتُمْ تَعْلَمُونَ •

১. হে ঐসব লোক, যারা ঈমান এনেছ! আমি কি তোমাদেরকে ঐ ব্যবসায়ের কথা বলব, যা তোমাদেরকে কষ্টদায়ক আজাব থেকে বাঁচাবে? তোমরা আল্লাহ ও রাসূলের উপর ঈমান আন এবং তোমাদের জান ও মাল দিয়ে আল্লাহর পথে জিহাদ কর। এটাই তোমাদের জন্য অত্যন্ত ভালো, যদি তোমরা তা জান। (সূরা সাফ-৬১:১০-১১)

وَمَنْ جَاهَدَ فَإِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهِ ۗ إِنَّ اللَّهَ لَغَنِيٌّ عَنِ الْعَالَمِينَ •

২. যে চেষ্টা-সাধনা করবে, সে তা নিজের ভালোর জন্যই করবে। নিশ্চয়ই গোটা সৃষ্টি জগতে কারো কাছে আল্লাহর কোনো ঠেকা নাই। (সূরা আনকাবুত-২৯: ৬)

انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ۗ ذَلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن

كُنْتُمْ تَعْلَمُونَ •

৩. তোমরা বের হও, হালকা অবস্থায়ই হোক আর ভারী অবস্থায়ই হোক এবং তোমাদের জান ও মাল দিয়ে আল্লাহর পথে জিহাদ কর। তোমরা যদি জানো তাহলে এটাই তোমাদের জন্য ভালো। (সূরা তাওবা-০৯: ৪১)

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَ الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ
الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا ۗ وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ وَلِيًّا ۗ
وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ نَصِيرًا ۗ

৪. তোমাদের কি হলো যে, তোমরা ঐসব অসহায় পুরুষ, নারী ও শিশুদের খাতিরে আল্লাহর পথে লড়াই করছ না, যাদেরকে দাবিয়ে রাখা হয়েছে এবং যারা ফরিয়াদ করছে, হে আমাদের রব! আমাদেরকে জালিমদের এ জনপদ থেকে উদ্ধার করো। আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য কোনো অভিভাবক ও সাহায্যকারীর ব্যবস্থা কর। (সূরা নিসা-০৪: ৭৫)

الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ ۗ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ
فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ ۗ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا ۗ

৫. যারা ঈমান এনেছে, তারা আল্লাহর পথে লড়াই করে, আর যারা কুফরি করেছে তারা তাওতের পথে লড়াই করে। তাই শয়তানের সাথীদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাও। জেনে রাখ, শয়তানের চাল আসলে বড়ই দুর্বল। (সূরা নিসা-০৪: ৭৬)

وَقُلْ رَبِّ ادْخُلْنِي مَدْخَلَ صِدْقٍ وَأَخْرِجْنِي مَخْرَجَ صِدْقٍ وَاجْعَلْ لِي مِن لَّدُنكَ سُلْطٰنًا
نَّصِيرًا ۗ

৬. আর দোয়া করো, যে আমার রব! আমাকে যেখানেই তুমি নিয়ে যাও সত্যতার সাথে নিয়ে নাও এবং যেখান থেকেই বের করো সত্যতার সাথে বের করো এবং তোমার পক্ষ থেকে একটি কর্তৃত্বশীল পরাক্রান্ত ব্যক্তিকে আমার সাহায্যকারী বানিয়ে দাও। (সূরা বানী ইসরাইল-১৭:৮০) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন-সূরা বাকারা-৮৫, ১৯৩, ২১৬, ২১৮, ২৫৬, সূরা

আলে ইমরান- ১৩, ১৪০-১৪৩, ১৫১, ১৫২-১৫৫, ১৫৮, ১৬৫-১৭১, সূরা নিসা- ৭৪, ৮৪, ৯৫, ১০২. সূরা মায়েরা- ৩৫, ৫৪, সূরা আরাফ- ৫৪. সূরা আনফাল- ১৫- ১৮, ৩৯, ৪১-৪৮, ৬০, ৬৫, সূরা তাওবা - ১৩-১৬, ২০-২৬, ৩৬, ৩৮, ৩৯, ৭৩, ১২৩, সূরা ইউনুস- সূরা ইউসুফ- ৪০, সূরা হাজ- ৩৯, ৪১, ৭৮, সূরা নূর- ৫৫, সূরা আনকাবুত- ৬৯, সূরা আহযাব- ২৫-২৭, সূরা শূরা- ১৩, সূরা মোহাম্মদ- ৪, ৭, ২০, সূরা ফাতাহ- ২৫, সূরা হুজরাত - ১৫, সূরা হাদিদ- ২৫, সূরা মোজাদালাহ- সূরা সফ- ৪, ১১, ১৪,

• হাদিস

عَنْ أَبِي ذَرٍّ (رض) قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَفْضَلُ؟ قَالَ الْإِيمَانُ بِاللَّهِ وَالْجِهَادُ فِي سَبِيلِهِ. (مُسْلِمٌ: بَابُ بَيَانِ كَوْنِ الْإِيمَانِ بِاللَّهِ تَعَالَى أَفْضَلَ الْأَعْمَالِ)

১. হযরত আবুযর গিফারী ^{রাযিআল্লাহু আনহু} বলেন, আমি বললাম হে আল্লাহর রাসূল ^{সাওয়াহু আলাইহি সলাম} সবচেয়ে উত্তম আমল কোনটি? তিনি বললেন, আল্লাহর প্রতি ঈমান এবং তার পথে জিহাদ। (মুসলিম: বাবু বায়ানি কাওলিন ঈমানি বিল্লাহি তায়ালা আফদালুল আ'মালি- ১১৯)

عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ (رض) قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ لَا أَذُكَ عَلَى رَأْسِ الْأَمْرِ وَعُمُودِهِ وَذُرُوعَ سَنَامِهِ أَمَّا رَأْسُ الْأَمْرِ فَالْإِسْلَامُ فَمَنْ أَسْلَمَ سَلِمَ وَأَمَّا عُمُودُهُ فَالصَّلَاةُ وَأَمَّا ذُرُوعَ سَنَامِهِ فَالْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ. (مُسْنَدُ أَحْمَدَ: حَدِيثُ مُعَاذِ بْنِ جَبَلٍ رَضِيَ اللَّهُ عَنْهُ)

২. হযরত মুয়ায ইবনে জাবাল ^{রাযিআল্লাহু আনহু} থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ^{সাওয়াহু আলাইহি সলাম} বলেছেন, আমি কি তোমাকে দ্বীনের মূল সূত্র, তার খুঁটি এবং সর্বোচ্চ চূড়ার সন্ধান দিব না? রাসূল ^{সাওয়াহু আলাইহি সলাম} তার ইতিবাচক সাড়া পেয়ে বললেন, দ্বীনের মূল হলো ইসলাম, সুতরাং যে ইসলাম গ্রহণ করবে সে নিরাপত্তা লাভ করবে, খুঁটি হলো সালাত এবং তার সর্বোচ্চ চূড়া হলো আল্লাহর পথে জিহাদ। (মুসনাদে আহমাদ: হাদিস মুয়ায ইবনে জাবাল ^{রাযিআল্লাহু আনহু} : ২১০৫৪)

عَنْ أَنَسٍ (رضد) عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ جَاهِدُوا الْمُشْرِكِينَ بِأَمْوَالِكُمْ وَأَيْدِيكُمْ وَالسِّنَتِكُمْ - (النَّسَائِيُّ: بَابُ وُجُوبِ الْجِهَادِ)

৩. হযরত আনাস ^{রাযিযালাল্লাহু তাআলাই আনহু} থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ^{সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} বলেছেন, তোমরা তোমাদের সম্পদ, হাত ও মুখ দিয়ে মুশরিকদের বিরুদ্ধে জিহাদ করো। (নাসায়ী: বাবু উজুবিল জিহাদি: ৩০৪৫)

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَعْدُوَةٌ فِي سَبِيلِ اللَّهِ أَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا - (بُخَارِيُّ: بَابُ الْعُدُوَّةِ وَالرَّوْحَةِ فِي سَبِيلِ اللَّهِ)

৪. হযরত আনাস ইবনে মালেক ^{রাযিযালাল্লাহু তাআলাই আনহু} থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ^{সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} বলেছেন, আল্লাহর পথে একটি সকাল ও একটি বিকাল ব্যয় করা দুনিয়া ও এর সমস্ত সম্পদ থেকে উত্তম। (বুখারী, বাবুল গাদওয়াতি ওয়ার রাওহাতি ফি সাবিল্লিহি: ২৫৮৩)

عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ أَنَّ رَجُلًا سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ وَضَعَ رِجْلَهُ فِي الْعُرْزِ أَى الْجِهَادِ أَفْضَلُ؟ قَالَ كَلِمَةٌ حَتَّى عِنْدَ سُلْطَانٍ جَائِرٍ (نَسَائِيُّ: بَابُ فَضْلِ كَنْ تَكَلَّمَ بِالْحَقِّ عِنْدَ إِمَامٍ جَائِرٍ)

৫. হযরত তারেক ইবনে শিহাব ^{রাযিযালাল্লাহু তাআলাই আনহু} থেকে বর্ণিত যে, রাসূল ^{সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} যোড়ার জিনে পা রাখার সময় এক ব্যক্তি তাকে প্রশ্ন করল, উত্তম জিহাদ কোনটি? তিনি বললেন, অত্যাচারী শাসকের সামনে সত্য কথা বলা। (নাসায়ী, বাবু ফাদলি মান তাকাল্লামা বিল হাক্কি ইনদা ইমামিন জায়িরিন : ৪১৩৮)

عَنْ عَبَّادَةَ بْنِ رِفَاعَةَ قَالَ أَدْرَكَنِي أَبُو عَبَّسٍ وَأَنَا أَذْهَبُ إِلَى الْجُمُعَةِ فَقَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنِ اغْبَرَّتْ قَدَمَاهُ فِي سَبِيلِ اللَّهِ حَرَّمَهُ اللَّهُ عَلَى النَّارِ - (بُخَارِيُّ: بَابُ الْمَشِيِّ إِلَى الْجُمُعَةِ)

৬. হযরত আবায়্যা ইবনে রিফায়্যা ^{রাযিযালাল্লাহু তাআলাই আনহু} বলেন, আমি জুময়ার দিকে যাওয়ার সময় আবু আবছের সাথে সাক্ষাৎ হলো। অতঃপর তিনি বললেন, আমি রাসূল ^{সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} কে বলতে শুনেছি, আল্লাহর পথে যার পদযুগল ধুলোয় মলিন হলো আল্লাহ তার জন্য জাহান্নামের আগুন হারাম করে দেন। (বুখারী, বাবুল মাশয়ি ইলাল জুময়াতি: ৮৫৬)

আনুগত্য

• আল-কুরআন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ ذَٰلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا ۝

১. হে ঐসব লোক, যারা ঈমান এনেছ! (যদি তোমরা সত্যি আল্লাহ ও আখিরাতের উপর ঈমান এনে থাক তাহলে) আল্লাহকে মেনে চল এবং রাসূলকে মেনে চল। আর তোমাদের মধ্যে যাদের হুকুম দেয়ার অধিকার আছে তাদেরকেও (মানো)। তারপর যদি তোমাদের মধ্যে কোনো বিষয়ে মতবিরোধ দেখা দেয় তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে ফিরিয়ে দাও। এটাই সঠিক কর্মনীতি এবং শেষ ফলের দিক দিয়েও এটাই ভাল। (সূরা নিসা-০৪: ৫৯)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ ۝

২. হে ঐসব লোক, যারা ঈমান এনেছ! আল্লাহ ও রাসূলের কথা মতো চল। আর নিজেদের আমল নষ্ট করো না। (সূরা মুহাম্মদ-৪৭: ৩৩)

وَمَنْ يُطِيعِ اللَّهَ وَرَسُولَهُ وَيَخْشِ اللَّهَ وَيَتَّقْهُ فَأُولَٰئِكَ هُمُ الْفَائِزُونَ ۝

৩. যারা আল্লাহ ও রাসূলের হুকুম পালন করে, আল্লাহকে ভয় করে ও তাঁর নাফরমানি থেকে বেঁচে থাকে তারাই সফলকাম। (সূরা নূর-২৪: ৫২)

وَأَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ۝

৪. আর আল্লাহ ও রাসূলের আনুগত্য করো, আশা করা যায় তোমাদের উপর রহমত করা হবে! (সূরা আলে ইমরান-০৩: ১৩২)

تِلْكَ حُدُودُ اللَّهِ ۚ وَمَنْ يُطِيعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ۝

৫. এসব আল্লাহর সীমা। যে আল্লাহ ও তাঁর রাসূলকে মেনে চলবে তাকে আল্লাহ এমন সব বাগানে প্রবেশ করাবেন, যার নিচ দিয়ে ঝরনা বইতে থাকবে। তারা সেখানে চিরদিন থাকবে। আর এটাই বড় সফলতা। (সূরা নিসা-০৪: ১৩)

উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা আলে ইমরান- ৩১,৩২,১৪৪, সূরা নিসা-৬৯,৮০, সূরা মায়েদা -২,৯২, সূরা আনফাল- ২০,২৪,২৭, সূরা নূর-৫১-৫৪,৬২, সূরা শূরার-১৩১, সূরা আহযাব-৩৬,৭১, সূরা হজুরাত-১৪,

• হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَارَقَ الْجَمَاعَةَ فَمَاتَ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً.

১. আবু হুরায়রা ^{رضي الله عنه} থেকে বর্ণিত। নবী ^{صلى الله عليه وسلم} বলেছেন: যে ব্যক্তি আনুগত্যের গন্ডি থেকে বের হয়ে যায় এবং জা'মিয়াত থেকে বিচ্ছিন্ন হয়ে যায়, অতঃপর মৃত্যুবরণ করে, তার মৃত্যু হয় জাহিলিয়াতের মৃত্যু। (মুসলিম, ইমারাহ, হাদিস নং ৫৩ (১৮৪৮))

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: وَمَنْ يُطِيعِ الْأَمِيرَ فَقَدْ أَطَاعَنِي وَمَنْ يُعْصِ الْأَمِيرَ فَقَدْ عَصَانِي.

২. হযরত আবু হুরায়রা ^{رضي الله عنه} হতে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ ^{صلى الله عليه وسلم} কে বলতে শুনেছেন: যে ব্যক্তি আমীরের আনুগত্য করলো সে আমারই আনুগত্য করলো। আর যে ব্যক্তি আমীরের অবাধ্য হলো সে আমারই অবাধ্য হলো। (বুখারী: অধ্যায় ৫৬ জিহাদ, অনুচ্ছেদ ১০৮ নেতার আদেশ শ্রবণ ও তার আনুগত্য করা, হাদিস নং-২৯৫৫)

পরামর্শ

• আল-কুরআন

فَبِمَا رَحْمَةٍ مِنَ اللَّهِ لِنْتَ لَهُمْ ۗ وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيظَ الْقَلْبِ لَانفَضُّوا مِنْ حَوْلِكَ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ ۗ فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ ۗ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ

১. হে রাসূল! এটা আল্লাহর বড়ই রহমত যে, আপনি এসব লোকের জন্য খুব নরম মেজাজবিশিষ্ট হয়েছেন। তা না হয়ে যদি আপনি কড়া ও পাষাণ মনের অধিকারী হতেন তাহলে তারা সবাই আপনার চারপাশ থেকে সরে যেত। তাদের দোষ মাফ করে দিন, তাদের পক্ষে মাগফিরাতের দোয়া করুন এবং দীনের কাজে তাদের সাথে পরামর্শ করুন। তারপর যখন আপনি কোনো মতের উপর মজবুত সিদ্ধান্তে পৌঁছেন তখন আল্লাহর উপর ভরসা করুন। আল্লাহ এসব লোককে ভালোবাসেন, যারা তাঁরই ভরসায় কাজ করে। (সূরা আলে ইমরান-০৩: ১৫৯)

وَالَّذِينَ اسْتَجَابُوا لِرَبِّهِمْ وَأَقَامُوا الصَّلَاةَ وَأَمْرُهُمْ شُورَىٰ بَيْنَهُمْ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ

২. আর যারা তাদের রবের হুকুম মেনে চলে ও নামাজ কয়েম করে নিজেদের সব কাজ পরস্পর পরামর্শের ভিত্তিতে চালায় এবং তাদেরকে যে রিজিক দিয়েছে তা থেকে খরচ করে। (সূরা শুরা-৪২: ৩৮)

لَا خَيْرَ فِي كَثِيرٍ مِّنْ نُّجُوبِهِمْ إِلَّا مَنَ أَمَرَ بِصَدَقَةٍ أَوْ مَعْرُوفٍ أَوْ إِصْلَاحٍ بَيْنَ النَّاسِ ۗ وَمَن يَفْعَلْ ذَلِكَ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ فَسَوْفَ نُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا

৩. তাদের বেশির ভাগ গোপন শলাপরামর্শই কোন মঙ্গল থাকে না অবশ্য যদি কেউ গোপনে কাউকে দান-খয়রাত করার জন্য আদেশ করে অথবা কোন কাজ অথবা জনগণের মধ্যে সংশোধনমূলক কাজের তাগিদ দেয় (তাহলে তা ভাল) আর যদি কেউ এসব কাজ আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে করে তাহলে তাকে আমি বিরাট প্রতিদান দেবো। (সূরা নিসা-৪:১১৪) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা বকারা -২৩৩,

• হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ أَمْرًا نَكْمُ خِيَارِكُمْ وَاعْتِنْيَاؤُكُمْ سَحَاكُكُمْ وَأُمُورُكُمْ شُورَىٰ بَيْنَكُمْ فَظَهَرُ الْأَرْضَ خَيْرٌ لَّكُمْ مِنْ بَطْنِهَا وَإِذَا كَانَ أَمْرًا لَكُمْ شَرَارُكُمْ وَاعْتِنْيَاؤُكُمْ بَخْلَاكُكُمْ وَأُمُورُكُمْ إِلَىٰ

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❁ ৭২

نِسَائِكُمْ فَبَطْنُ الْأَرْضِ خَدُّوْكُمْ مِنْ ظَهْرِهَا. (تَزْمِيْدِي: بَابُ مَا جَاءَ فِي النَّهْيِ عَنِ سَبِّ الرِّيَّاحِ. ضَعْفُهُ الْأَلْبَانِي)

১. হযরত আবু হুরায়রা رضي الله عنه থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ صلى الله عليه وآله وسلم বলেছেন, যখন তোমাদের নেতারা হবেন ভালো মানুষ, ধনীরা হবেন দানশীল এবং তোমাদের কার্যক্রম চলবে পরামর্শের ভিত্তিতে তখন মাটির উপরিভাগ নিচের ভাগ হতে উত্তম হবে। আর যখন তোমাদের নেতারা হবে খারাপ লোক, ধনীরা হবে কৃপণ এবং নেতৃত্ব যাবে নারীদের হাতে, তখন পৃথিবীর উপরের অংশের চেয়ে নিচের অংশ হবে উত্তম। (তিরমিযী: বাবু মা জা'আ ফিন নাহি আন সাব্বির রিয়াহি, ২১৯২, আলবানী একে দুর্বল বলেছেন)

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ النَّاسَ فَحَدَّ اللَّهُ وَأَثْنَى عَلَيْهِ وَقَالَ مَا تَشِيدُونَ عَلَيَّ فِي قَوْمٍ يَسْتَبُونَ أَهْلِي مَا عَلِمْتُ عَلَيْهِمْ مِنْ سُوءٍ قَطْ. (بُخَارِي: بَابُ قَوْلِ اللَّهِ تَعَالَى (وَأْمُرُهُمْ شُورَى بَيْنَهُمْ)

২. হযরত আয়েশা رضي الله عنها থেকে বর্ণিত। রাসূলুল্লাহ صلى الله عليه وآله وسلم লোকদের সামনে খুতবা দিলেন। আল্লাহর প্রশংসা ও গুণগান করার পরে তিনি বললেন, যারা আমার পরিবারের কুৎসা করে বেড়াচ্ছে, তাদের সম্পর্কে আমার প্রতি তোমাদের কী পরামর্শ আছে? আমি কখনও তাদের মধ্যে কোনরূপ মন্দ কিছু দেখি নাই। (বুখারী: বাবু কাওলিল্লাহি তায়ালা 'ওয়া আমরুহুম শুরা বাইনাহম' ৬৮২২)

ইহতেসাব

• আল-কুরআন

أَفْتَرَبَ لِلنَّاسِ حِسَابُهُمْ وَهُمْ فِي غَفْلَةٍ مُعْرِضُونَ

১. লোকদের হিসাব-নিকাশের সময় খুব কাছে এসে গেছে। অথচ তারা গাফিলতির মধ্যে পড়ে মুখ ফিরিয়ে রেখেছে। (সূরা আশ্বিয়া-২১: ১)

وَأِنَّهُ لَذِكْرٌ لَكَ وَلِقَوْمِكَ وَسَوْفَ تُسْأَلُونَ

২. আসলে সত্য হলো, এ কিতাব আপনার ও আপনার কওমের জন্য বিরাট মর্যাদার বিষয় এবং এ জন্য তোমাদেরকে শিগগিরই জবাবদিহি করতে হবে। (সূরা যুখরুফ-৪৩: ৪৪)

إِنَّ إِلَيْنَا أِيَابُهُمْ ۝ ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ

৩. এদেরকে আমারই দিকে ফিরে আসতে হবে। এরপর তাদের হিসাব নেয়া আমারই দায়িত্ব। (সূরা গাশিয়াহ, ৮৮: ২৫-২৬)

ثُمَّ لِنُسْأَلَنَ يَوْمَئِذٍ عَنِ النَّعِيمِ

৪. তারপর সেদিন (দুনিয়ার সব) নিয়ামত সম্বন্ধে অবশ্যই তোমাদেরকে জিজ্ঞাসা করা হবে। (সূরা তাকাসুর-১০২: ৮) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন-সূরা আরাফ- ৬, সূরা নাহল-৯৩, সূরা হুজুরাত-১০, ১২

তাকওয়া

• আল কুরআন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ•

১. হে ঐসব লোক, যারা ঈমান এনেছ! আল্লাহকে তেমনি ভয় কর, যেমন ভয় করা উচিত। আর মুসলিম অবস্থায় ছাড়া যেন তোমাদের মৃত্যু না হয়। (সূরা আলে ইমরান- ০৩: ১০২)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ ۖ وَاتَّقُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ•

২. হে ঐসব লোক, যারা ঈমান এনেছ! তোমরা আল্লাহকে ভয় করে চল! প্রত্যেকের খেয়াল রাখা উচিত যে, সে আগামী দিনের জন্য কী ব্যবস্থা করেছে। আল্লাহকে আরো ভয় করে চল। আল্লাহ অবশ্যই তোমাদের সব আমলের খবর রাখেন। (সূরা হাশর-৫৯: ১৮)

إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ اتَّقَوْا وَالَّذِينَ هُمْ مُحْسِنُونَ•

৩. নিশ্চয়ই আল্লাহ তাদের সাথে আছেন, যারা তাকওয়ার জীবনযাপন করে এবং যারা ইহসানের সাথে আমল করে। (সূরা নাহল-১৬: ১২৮)

إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ اتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ ۝

৪. নিশ্চয়ই আল্লাহর নিকট তোমাদের মধ্যে সেই ব্যক্তি অধিক সম্মানিত, যিনি তোমাদের মধ্যে সর্বাধিক আল্লাহভীরু। নিঃসন্দেহে আল্লাহ সব কিছু জানেন এবং সব বিষয়ে অবহিত। (সূরা আল হজুরাত ৪৯:১৩)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ ۝

৫. হে ঈমানদার লোকেরা! আল্লাহকে ভয় কর এবং সত্যবাদী লোকদের সঙ্গী হও। (সূরা আত তাওবা ৯:১১৯) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন, সূরা বাকারা-১২৩, ১৮৯, ১৯৭, সূরা আলে ইমরান-২০০, সূরা নিসা-১, ৭৭, সূরা মায়দা-২, ৪, ৭, সূরা আনয়াম-১৫৫, সূরা তাওবা-১১৯, সূরা ম'মিনুন-৫২, সূরা নূর-৫২, সূরা শূরার-১১০, সূরা আহযাব-১, ৭০, সূরা হজুরাত-১, ১৩, সূরা হাদীদ-২৮, সূরা মোজাদালাহ-৯, সূরা হাশর-৭, সূরা তাগাবুন-১৬, সূরা তালাক-২, ৪, ৫, সূরা মুলক-১২

• হাদিস

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَا عَائِشَةُ إِيَّاكَ وَمُحَقَّرَاتِ الذُّنُوبِ فَإِنَّ لَهَا مِنَ اللَّهِ طَالِبًا. (السُّنَنِ السَّيِّئَةِ لِلْأَلْبَانِيِّ)

১. হযরত আয়েশা ^{রুদীয়াতাহা} ^{আ'দালা} ^{আনব্ব} থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ^{সাদাতাহা} ^{আলাইহি} ^{সালমতাহ} তাকে বলেছেন, হে আয়েশা ছোট-খাট গুনাহর ব্যাপারেও সতর্ক হও, কেননা এর জন্যও আল্লাহর নিকট জবাবদিহি করতে হবে। (সিলসিলাতুস সহীহা লিল আলবানী, ২৭৩১)

عَنْ عَطِيَّةِ السَّعْدِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَبْلُغُ الْعَبْدُ أَنْ يَكُونَ مِنَ الْمُتَّقِينَ حَتَّى يَدَعَ مَا لَا بَأْسَ بِهِ حَذَرًا لِمَا بِهِ الْبَأْسُ. (تَرْوِذِي: بَابُ مَا جَاءَ فِي صِفَةِ أَوْلِي الْحَوْضِ)

২. হযরত আতিয়া আসআ'দী ^{রুদীয়াতাহা} ^{আ'দালা} ^{আনব্ব} থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ ^{সাদাতাহা} ^{আলাইহি} ^{সালমতাহ} বলেছেন, কোন বান্দাহ ততক্ষণ পর্যন্ত মুত্তাকি হতে পারবে না, যতক্ষণ না সে গুনাহের আশঙ্কায় গুনাহ নেই এমন কাজও ছেড়ে দেবে। (তিরমিযী : বাবু মা জা আ ফি সিফাতি আওয়ানিল হাউদ, ২৩৭৫)

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❁ ৭৫

পর্দা

• আল কুরআন

قُلْ لِّلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا أَرْوَاحَهُمْ ذٰلِكَ اَزْكٰى لَهُمْ اِنَّ اللّٰهَ خَبِيرٌ
بِاَيُّصْنَعُوْنَ •

১. (হে নবী!) মুমিন পুরুষদের বলুন, তারা যেন নিজেদের চোখ নিচু রাখে এবং তাদের লজ্জাস্থানের হেফাজত করে। এটাই তাদের জন্য বেশি পবিত্র নিয়ম। তারা যা কিছু করে আল্লাহ এর খবর রাখেন। (সূরা নূর-২৪: ৩০)

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا بِيُوْتًا غَيْرَ بِيُوْتِكُمْ حَتّٰى تَسْتَأْذِنُوْا وَّتَسَلِّمُوْا عَلٰى اٰهْلِهَا
ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ •

২. হে ঐসব লোক যারা ঈমান এনেছ! তোমাদের ঘর ছাড়া অন্যদের ঘরে তাদের অনুমতি ছাড়া এবং তাদেরকে সালাম পাঠানো ছাড়া কখনও ঢুকবে না। এ নিয়ম তোমাদের জন্যই ভালো। আশা করা যায় যে, তোমরা এ বিষয়ে খেয়াল রাখবে। (সূরা নূর-২৪: ২৭)

وَ اِذَا بَلَغَ الْاَطْفَالُ مِنْكُمْ الْحُلُمَ فَلْيَسْتَأْذِنُوْا كَمَا اسْتَاذَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ كَذٰلِكَ
يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهِ وَّ اللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ •

৩. যখন তোমাদের সন্তানরা সাবালক হয়ে যায় তখন তারা অবশ্যই যেন তেমনিভাবে অনুমতি নিয়ে আসে, যেমনিভাবে তাদের বড়রা অনুমতি নিয়ে এসে থাকে। এভাবেই আল্লাহ তাঁর আয়াতগুলো তোমাদের সামনে স্পষ্ট করে দেন। আর আল্লাহ মহাজ্ঞানী ও মহাকুশলী। (সূরা নূর-২৪: ৫৯)

وَ الَّذِيْنَ هُمْ لِفُرُوْجِهِمْ حٰفِظُوْنَ •

৪. আর যারা (সফল মু'মিনদের একটি বৈশিষ্ট্য হচ্ছে তারা) নিজেদের লজ্জাস্থানের হেফাজত করে। (সূরা মুমিনূন-২৩: ৫)

يٰۤاَيُّهَا اٰدَمُ قَدْ اَنْزَلْنَا عَلَيْكَ لِبَاسًا يُّوَارِيْ سَوْاَتِكَ وَرِيْشًا وَّ لِبَاسُ التَّقْوٰى ذٰلِكَ خَيْرٌ
ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ لَعَلَّهُمْ يَذَكَّرُوْنَ •

৫. হে আদম সন্তান! আমি তোমাদের প্রতি পোশাক নাজিল করেছি, যাতে

তোমাদের শরীরের লজ্জাস্থান ঢাকা যায় এবং শরীরের হেফযত ও সাজ-সজ্জা হয়। আর তাকওয়ার পোশাকই সবচেয়ে ভালো। এটা আল্লাহর নিদর্শনগুলোর মধ্যে অন্যতম নিদর্শন। হয়তো লোকেরা এ থেকে উপদেশ নেবে। (সূরা আ'রাফ-০৭: ২৬) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন সূরা বাকারা-২২১, সূরা নিসা-২৩,২৫, সূরা ম'মিনুন-৫, সূরা নূর- ১৯,৩১,৫৮,৬০. সূরা আহযাব-৩২-৩৩,৫৩,৫৯,

• হাদিস

عَنْ جَرِيرٍ قَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نَظْرَةِ الْفُجَاءَةِ فَقَالَ إِصْرِي بَصْرِكَ. (أَبُو دَاوُدَ: بَابُ مَا يُؤْمَرُ بِهِ مِنْ غَضِّ الْبَصْرِ)

১. হযরত জারীর ইবনে আবদুল্লাহ ^{রাযিআল্লাহু তাআলাইহু আনহু} থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} কে জিজ্ঞাসা করলাম, হঠাৎ যদি কোন মহিলার উপর দৃষ্টি পড়ে তাহলে কী করতে হবে? তিনি আমাকে বললেন (কাল বিলম্ব না করেই) তুমি তোমার দৃষ্টি ফিরিয়ে নিবে। (আবু দাউদ: বাবু মা ইউমারু বিহি মিন গাচ্ছিল বাহার, ১৮৩৬)

عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَتَّبِعِ النَّظْرَةَ فَإِنَّ الْأُولَى لَكَ وَلَيْسَتْ لَكَ الْآخِرَةُ. (أَحْمَدُ: مُسْنَدُ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ)

২. হযরত আলী ^{রাযিআল্লাহু তাআলাইহু আনহু} হতে বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} আমাকে বললেন, (অপরিচিত নারীর প্রতি) একবার দৃষ্টি পড়ে যাওয়ার পর দ্বিতীয়বার দৃষ্টি নিক্ষেপ করো না। কেননা প্রথম দৃষ্টি তোমার, পরবর্তী দৃষ্টি তোমার নয়। (মুসনাদে আহমাদ: মুসনাদে আলী (রা), ১২৯৮)

عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمَرْأَةُ عَوْرَةٌ فَإِذَا خَرَجَتْ اسْتَشْرَفَهَا الشَّيْطَانُ. (ترمذی: بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الدُّخُولِ عَلَى الْمَغِيبَاتِ)

৩. হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ ^{রাযিআল্লাহু তাআলাইহু আনহু} থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু আলাইহি ওয়াসাল্লাম} বলেছেন, মহিলারা হলো পর্দায় থাকার বস্ত্র। যখন সে (পর্দা উপেক্ষা করে) বাহিরে আসে তখন শয়তান তাকে সুসজ্জিত করে দেখায়। (তিরমিযী: বাবু মা জা'আফি কারাহিয়াতিদ দুখুলি আলাল মুগিবাতি, ১০৯৩)

বাইয়াত

• আল-কুরআন

إِنَّ الَّذِينَ يُبَايِعُونَكَ إِنَّمَا يُبَايِعُونَ اللَّهَ ۗ يَدُ اللَّهِ فَوْقَ أَيْدِيهِمْ ۗ فَمَنْ نَكَثَ فَاِنَّمَا يَنْكُثُ عَلَىٰ نَفْسِهِ ۗ وَمَنْ أَوْفَىٰ بِمَا عَاهَدَ عَلَيْهُ اللَّهُ فَسَيُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا ۝

১. (হে রাসূল!) যারা আপনার হাতে বাইয়াত করছিল তারা (আসলে) আল্লাহর কাছে বাইয়াত করছিল, তাদের হাতের উপর আল্লাহর হাত ছিল। এখন যে এ ওয়াদা ভঙ্গ করবে এর কুফল তার উপরই পড়বে। আর আল্লাহর সাথে ওয়াদা করে যে তা পূরণ করবে, আল্লাহ শিগগিরই তাকে বড় পুরস্কার দেবেন। (সূরা ফাত্হ-৪৮: ১০)

لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَثَابَهُمْ فَتْحًا قَرِيمًا ۝

২. (হে রাসূল!) আল্লাহ তায়ালা মু'মিনদের প্রতি সন্তুষ্ট হয়ে গেলেন, যখন তাকে গাছের তলায় আপনার কাছে বাইয়াত গ্রহণ করছিল। তাদের মনের অবস্থা তাঁর জানা ছিল। তাই তিনি তাদের উপর সান্ত্বনা নাজিল করলেন এবং পুরস্কার হিসেবে নিকটবর্তী বিজয় দান করলেন। (সূরা ফাত্হ-৪৮: ১৮)

إِنَّ اللَّهَ اشْتَرَىٰ مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ ۖ وَعَدًّا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرَةِ وَالْإِنْجِيلِ وَالْقُرْآنِ ۗ وَمَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ مِنَ اللَّهِ فَاسْتَبْشِرُوا بِبَيْعِكُمُ الَّذِي بَايَعْتُمْ بِهِ ۗ وَذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ۝

৩. (আসলে ব্যাপার হলো) আল্লাহ মুমিনদের কাছ থেকে তাদের জান ও মাল বেহেশতের বদলে কিনে নিয়েছেন। তারা আল্লাহর পথে লড়াই করে, (দুশমনকে) মারে এবং (নিজেরাও) নিহত হয়। তাদেরকে (বেহেশত দেওয়ার ওয়াদা) আল্লাহর দায়িত্ব একটি মজবুত ওয়াদা-যা তাওরাত, ইনজিল ও কুরআনে (করা হয়েছে)। ওয়াদা পালনে আল্লাহর চেয়ে বেশি যোগ্য আর কে আছে? সুতরাং তোমরা আল্লাহর সাথে যে বোচাকেনার কারবার করেছ, সে বিষয়ে খুশি হয়ে যাও। এটাই সবচেয়ে বড় সফলতা। (সূরা তাওবা-০৯: ১১১)

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ۝

৪. আপনি বলুন! আমার নামায, আমার কোরবানি এবং আমার জীবন ও মরণ

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❀ ৭৮

বিশ্ব প্রতিপালক আল্লাহরই জন্য। (সূরা আল আন'আম ৬:১৬২)

بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَىٰ فَإِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ •

৫. আর যে ব্যক্তি তার ওয়াদা (প্রতিশ্রুতি) পূর্ণ করবে এবং তাকওয়ার নীতি অবলম্বন করবে (সে আল্লাহ তা'আলার প্রিয়ভাজন হবে)। আর নিশ্চিতভাবে আল্লাহ পাক মুত্তাকিদের ভালবাসেন। (সূরা আলে ইমরান-৩:৭৬) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন, আলে ইমরান- ৭৭, সূরা নিসা- ৭৪, সূরা তাওবা ১১১, সূরা মুমতাহিন- ১২, সূরা নাহল- ৯১,

• হাদিস

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ خَلَعَ يَدًا مِنْ طَاعَةِ لِقَىٰ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ لَا حُجَّةَ لَهُ وَمَنْ مَاتَ وَلَيْسَ فِي عُنُقِهِ بَيْعَةٌ مَاتَ مَيْتَةً جَاهِلِيَّةً. (مُسْلِمٌ: بَابُ وُجُوبِ مَلَا زَمَةِ جَمَاعَةِ الْمُسْلِمِينَ)

১. হযরত আবদুল্লাহ ইবনে ওমর ^{রাযিআল্লাহু তা'আলুহু 'আন্হুমা} বলেন, আমি রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম} কে বলতে শুনেছি, যে ব্যক্তি আনুগত্য থেকে তার হাতকে খুলে ফেলল, কিয়ামতের দিন সে আল্লাহর সাথে সাক্ষাৎ করবে এমনভাবে যে তার বলার কিছু থাকবে না, আর যে ব্যক্তি বাইয়াতের বন্ধন ছাড়াই মারা গেল সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করল। (মুসলিম: বাব উজুব মুলাযামাতি জামায়াতিল মুসলিমিন: ৩৪৪১)

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ كُنَّا إِذَا بَايَعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى السُّنَنِ وَالطَّاعَةِ يَقُولُ لَنَا فِينَا اسْتَطَعْتُمْ. (بُخَارِيُّ: بَابُ كَيْفَ يُبَايَعُ الْإِمَامُ النَّاسَ)

২. হযরত আবদুল্লাহ ইবনে ওমর ^{রাযিআল্লাহু তা'আলুহু 'আন্হুমা} থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম} এর নিকট বাইয়াত গ্রহণ করতাম শ্রবণ ও আনুগত্যের উপর। আর তিনি আমাদেরকে সামর্থ্য অনুযায়ী উক্ত আমল করতে বলতেন। (বুখারী: বাব কাইফা ইউবায়িউল ইমামুন নাসা, ৬৬৬২)

তাওবা

• আল-কুরআন

أَفَلَا يَتُوبُونَ إِلَى اللَّهِ وَيَسْتَغْفِرُونَ لَهُ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ

১. তবে কি তারা আল্লাহর নিকট তাওবা করবে না এবং তাঁর কাছে মাফ চাইবে না? আল্লাহ তো বড়ই ক্ষমাশীল ও মেহেরবান। (সূরা মায়িদা-০৫: ৭৪)

وَالَّذِينَ عَمِلُوا السَّيِّئَاتِ ثُمَّ تَابُوا مِنْ بَعْدِهَا وَآمَنُوا إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُورٌ رَحِيمٌ

২. যারা বদ আমল করে, তারপর তাওবা করে ও ঈমান আনে; নিশ্চয়ই আপনার রব তাওবা ও ঈমানের পর বড়ই ক্ষমাশীল ও মেহেরবান। (সূরা আ'রাফ-০৭: ১৫৩)

فَمَنْ تَابَ مِنْ بَعْدِ ظُلْمِهِ وَأَصْلَحَ فَإِنَّ اللَّهَ يَتُوبُ عَلَيْهِ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ

৩. অতঃপর যে জুলুম করার পর তাওবা করে এবং নিজেকে সংশোধন করে নেয় নিশ্চয়ই আল্লাহ তার তাওবা কবুল করবেন। আল্লাহ বড়ই ক্ষমাশীল ও মেহেরবান। (সূরা মায়িদা: ০৫: ৩৯) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন সূরা আলে ইমরান -১৩৫, সূরা নিসা -১৭,১৮, সূরা নুর-৩১, সূরা শু'রা - ৪২,

• হাদিস

عَنْ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهَ يَقْبَلُ تَوْبَةَ الْعَبْدِ مَا لَمْ يُعْرِغْهُ. (ترمذی: بَابُ فِي فَضْلِ التَّوْبَةِ وَالِاسْتِغْفَارِ)

১. হযরত আবদুল্লাহ ইবনে ওমর رضي الله عنه নবী করীম صلى الله عليه وسلم থেকে বর্ণনা করেন, তিনি বলেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালা মৃত্যুও যন্ত্রণা শুরু না হওয়া পর্যন্ত তাঁর বান্দার তাওবা কবুল করেন। (তিরমিযী: বাবু ফি ফাদলিত তাওবাতি ওয়াল ইস্তেগফারি, ৩৪৬০)

عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ أَفْرَحُ بِتَوْبَةِ عَبْدِهِ مِنْ أَحَدِكُمْ سَقَطَ عَلَى بَعِيرِهِ وَعَدَّ أَضْلَهُ فِي أَرْضٍ فَلَاةٍ. (بخاری: بَابُ التَّوْبَةِ)

২. হযরত আনাস ^{রাযিআল্লাহু আঁহালা আঁনালা} থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ ^{সালাতুল্লাহু আঁহালা আঁনালা} বলেছেন, আল্লাহ তাঁর বান্দাহর তাওবায় তোমাদের ঐ ব্যক্তির চেয়েও বেশি আনন্দিত হন, যার উট মরুভূমিতে হারিয়ে যাওয়ার পর সে তা ফিরে পেল। (বুখারী বাবুত তাওবাতি, ৫৮৩৪)

মুমিনদের গুণাবলি

• আল কুরআন

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ* الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ* أُولَٰئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا لَهُمْ دَرَجَاتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ*

১. সাচ্চা ঈমানদার তো ঐসব লোক, যাদের দিল আল্লাহর কথা শুনলে কেঁপে ওঠে, যখন তাদের সামনে আল্লাহর আয়াত তিলাওয়াত করা হয় তখন তাদের ঈমান বেড়ে যায় এবং তারা তাদের রবের উপর ভরসা রাখে, যারা নামাজ কায়ম করে এবং যা কিছু আমি তাদেরকে দিয়েছি তা থেকে (আমার পথে) খরচ করে। এরাই ঐসব লোক, যারা সত্যিকার মুমিন। তাদের জন্য তাদের রবের কাছে বড় মর্যাদা, গুনাহের ক্ষমা ও উত্তম রিজিক আছে। (সূরা আনফাল, ০৮: ২-৪)

الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا إِنَّنَا أَمْنَا فَأَغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَنَنَا عَذَابَ النَّارِ* الصَّابِرِينَ وَالصَّادِقِينَ وَالْقَنِينَ وَالْمُنْفِقِينَ* وَالْمُسْتَغْفِرِينَ بِالْأَسْحَارِ*

২. তারা ঐসব লোক, যারা বলে: হে আমাদের রব! আমরা ঈমান এনেছি, আমাদের গুনাহ মাফ কর এবং আমাদেরকে আগুনের আজাব থেকে বাঁচাও। এসব লোক ধৈর্যশীল, সত্যপন্থী, অনুগত, দানশীল ও শেষরাতে আল্লাহর কাছে গুণাহ মাফ চায়। (সূরা আলে ইমরান-০৩: ১৬-১৭)

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ*

৩. মুমিনরা তো একে অপরের ভাই। তাই তোমাদের ভাইদের মধ্যে সুসম্পর্ক বহাল করে দাও। আল্লাহকে ভয় কর। আশা করা যায়, তোমাদের উপর দয়া করা হবে। (সূরা হুজুরাত: ৪৯: ১০)

বিষয়ভিত্তিক আয়াত ও হাদিস ❀ ৮১

إِنْ يَنْصُرْكُمُ اللَّهُ فَلَا غَالِبَ لَكُمْ ۗ وَإِنْ يَخَذِلْكُمْ فَمَنْ ذَا الَّذِي يَنْصُرْكُمْ مِنْ بَعْدِهِ ۗ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ •

৪. আল্লাহ যদি তোমাদেরকে সাহায্য করেন তাহলে কোন শক্তি তোমাদের উপর বিজয়ী হতে পারবে না। আর তিনিই যদি তোমাদেরকে ত্যাগ করেন, তাহলে তাঁর পরে আর কে আছে, যে তোমাদেরকে সাহায্য করতে পারে। কাজেই যারা সাচ্চা মুমিন তাদেরকে আল্লাহর উপরই ভরসা করা উচিত। (সূরা আলে ইমরান: ০৩ঃ১৬০)

قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ ۗ الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خُشِعُونَ ۗ وَالَّذِينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ ۗ وَالَّذِينَ هُمْ لِلزَّكَاةِ فَاعِلُونَ ۗ وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ ۗ

৫. অবশ্যই মুমিনরা সফলকাম হয়েছে। যার তাদের নামাজে বিনয়ী ও ভীত থাকে। যারা বেহুদা কাজ থেকে দূরে থাকে। যারা যাকাতের ব্যাপারে কর্মতৎপর হয়। যারা তাদের লজ্জাস্থানের হেফাজত করে। (সূরা মু'মিনুন ২৩:১-৫) উপরিউক্ত বিষয় সম্পর্কে জানতে আরও দেখুন- সূরা বাকারা-২৫৭, সূরা নিসা-৬৭, সূরা মায়দা-৫১, সূরা তাওবা-১১১, ১১২, ১২২, সূরা রাদ-২৮, সূরা ইব্রাহিম-২৭, সূরা নাহল-৯৭, সূরা মারইয়াম-৯৬, সূরা হাজ-৩৫, সূরা নূর-৫১, ৫২, ৫৫, ৫২, সূরা ফুরকান-৬৩-৭৪, সূরা আনকাবুত-৭, সূরা রোম-৪৭, সূরা লোকমান-৩-৫, ৮, ৯, ১৭-১৯, সূরা আহযাব-৩৫, ৪৭, সূরা শূ-রা-৩৭-৩৯, সূরা হজুরাত-৭, ১০, ১৫,

• হাদিস

عَنِ النَّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُسْلِمُونَ كَرَجُلٍ وَاحِدٍ إِنْ اشْتَكَى عَيْنَهُ اشْتَكَى كُفَّهُ وَإِنْ اشْتَكَى رَأْسَهُ اشْتَكَى كُفَّهُ. (مُسْلِمٌ: بَابُ تَرَاحِمِ الْمُؤْمِنِينَ وَتَعَاظِفِهِمْ)

১. হযরত নুমান ইবনে বাশির رضي الله عنه হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ صلى الله عليه وسلم বলেছেন, সকল মুসলমান একই ব্যক্তি সত্তার মত। যখন তার চোখে যন্ত্রণা হয়, তখন তার গোটা শরীরই তা অনুভব করে। যদি তার মাথা ব্যথা হয়, তখনও

গোটা শরীরই তা অনুভব করে। (মুসলিম: বাবু তারাহমিল মুমিনীনা ওয়া
তয়াতুফি হিম, ৪৬৮৭)

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْمُؤْمِنُ مَأْكُفٌ وَلَا
خَيْرَ فِيمَنْ لَا يَأْكُفُ. وَلَا يُؤَلَّفُ. (مَشْكَاتُ الْمَصَابِيحِ. بَابُ السَّلَامِ)

২. হযরত আবু হুরায়রা رضي الله عنه থেকে বর্ণিত। রাসূলুল্লাহ صلى الله عليه وسلم বলেছেন, মুমিন
ব্যক্তি ভালোবাসা ও দয়ার প্রতীক। ঐ ব্যক্তির মধ্যে কোন কল্যাণ নেই, যে
কাউকে ভালোবাসে না এবং কারো ভালোবাসা পায় না। (মিশকাতুল মাসাবীহ:
বাবুস সালাম, ৪৯৯৫)

ত্যাগ-কোরবানি

• আল কুরআন

وَمِنَ النَّاسِ مَن يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ

১. (অপর দিকে) মানুষের মধ্যে কেউ এমনও আছে, যে আল্লাহর সন্তুষ্টির জন্য
নিজের জীবন দিয়ে দেয় এবং এমন বান্দাদের উপর আল্লাহ বড়ই মেহেরবান।
(সূরা বাকারা-০২: ২০৭)

أَمْ حَسِبْتُمْ أَنْ تُدْخَلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنْكُمْ وَيَعْلَمَ الضَّالِّينَ

২. তোমরা কি মনে করেছ, তোমরা এমনিই বেহেশতে চলে যাবে? অথচ আল্লাহ
এখনো দেখে নেননি যে, তোমাদের মধ্যে এমন কারা আছে, যারা তাঁর পথে
জিহাদ করে এবং (তাঁরই খাতিরে) সবার করতে পারে। (সূরা আলে ইমরান-
০৩: ১৪২)

وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ
الضَّالِّينَ

